

আফগানিস্তানে শুধু নারীদের জন্য ফটো স্টুডিও চালু

সারে-জমিন



আবাস যোজনা সহ নানা দাবিতে এসডিও অফিস সম্মুখে বিক্ষোভ

রূপসী বাংলা



ট্রাম্পের পররাষ্ট্রনীতি যেমন হতে পারে

সম্পাদকীয়



কাটমানি দিতে না পারায় ‘বাতিল’ হল রূপশ্রীর ফর্ম!

সাধারণ



কনস্টাসের রঙিন অভিষেক, স্মিথের সেঞ্চুরি

খেলতে খেলতে


# আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

শুক্রবার
২৭ ডিসেম্বর, ২০২৪
১১ পৌষ ১৪৩১
২৪ জমাদিউস সানি, ১৪৪৬ হিজরি

সম্পাদক
জাইদুল হক

Vol.: 19 ■ Issue: 350 ■ Daily APONZONE ■ 27 December 2024 ■ Friday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 6 ■ www.aponzonepatrika.com/epaper.php ■ aponzone@gmail.com


**প্রথম নজর**

## নিমতিতায় কি নাশকতার ছক? রেললাইনে ‘বোমা’ রাখায় ধৃত সাগর ও মদন


নিজস্ব প্রতিবেদক ● অরঙ্গাবাদ



**আপনজন:** নিমতিতা স্টেশন সংলগ্ন রেললাইনের ধারে বোমা আতঙ্ক সৃষ্টি হল। বৃহস্পতিবার বিকেলে ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয় সুতি থানার নিমতিতা স্টেশন সংলগ্ন এলাকায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় সুতি থানার পুলিশ। স্থানীয়দের অভিযোগ, সাগর দাস এবং মদন কুন্ডু নামে দুই যুবক রেল লাইনের ধারে বোমা রেখেছিল। এদিকে পুলিশের দাবি, রেললাইনের পাথর কালো প্যাকেট করে রেলের পাশে ফেলে রেখে আতঙ্ক ছড়ানোর চেষ্টা করেছিল তারা। তারা কেন, কী উদ্দেশ্যে রেললাইনে ধারে বোমা নিয়ে ঘোরাঘুরি করছিল, তা পুলিশ তদন্ত করে দেখছে।
তাছাড়া এর পিছনে কোনও নাশকতার ছক রয়েছে কি না, পুলিশ তাও খতিয়ে দেখছে।
পুলিশ জানিয়েছে, দুষ্কৃতীরা নুড়িপাথর কালো সেলোটেপ দিয়ে মুড়ে বোমার মতো দ্রব্য সেখানে রেখে দেয়। যদিও তার মধ্যে কোনও বারুদ ছিল না। দুই যুবককে আটক করে জিজ্ঞাসাবাদ চলছে। ঘটনার জেরে সাময়িক ট্রেন চলাচল ব্যাহত হয়।
স্থানীয় সূত্র জানিয়েছে, নিমতিতা রেলস্টেশন থেকে প্রায় ৫০০ মিটার দূরে রেললাইনের ঘোরাঘুরি করা দুই যুবকের মধ্যে এক যুবকের হাতে বোমার মতো বস্তু থাকায় স্থানীয় বাসিন্দাদের সন্দেহ হয়। গ্রামবাসীরা দুই যুবককে ঘিরে ফেলে। গ্রামবাসীদের দেখে ওই যুবক বোমাটি দুই রেললাইনের মাঝে ফেলে দেয়। তারপরই বোমা আতঙ্ক ছড়িয়ে পড়ে। দ্রুত খবর পৌঁছে যায় নিমতিতা রেলস্টেশনের স্টেশন মাস্টারের হাতে। আতঙ্ক ছগিয়ে পড়ায় বারহাড়োয়া আজিমগঞ্জ প্যাসেঞ্জার ট্রেন ও একটি মালগাড়ি দীর্ঘক্ষণ আটক পড়ে।
উল্লেখ্য, ২০২১ সালে এই নিমতিতা স্টেশনে রাজ্যের তৎকালীন মন্ত্রী তথা বর্তমান জঙ্গিপুরের বিধায়ক জাকির হোসেনের উপর বোমা হামলা করা হয়। তাতে তিনি জখম হয়েছিলেন। সেই আতঙ্ক ফের দানা বাঁধে। তাই আবারও নিমতিতা রেল স্টেশনের কাছে হঠাৎ কি উদ্দেশ্যে এবং কেন রেল লাইনের ধারে ওই দুই যুবক বোমা আতঙ্ক ছড়ানোর চেষ্টা করল, এর পিছনে কোনও নাশকতার উদ্দেশ্যে ছিল কিনা খতিয়ে দেখছে সুতি থানার পুলিশ।

# চলে গেলেন দেশের অর্থনৈতিক সংস্কারের স্থপতি মনমোহন সিং

**আপনজন ডেস্ক:** দেশের অর্থনৈতিক সংস্কারের স্থপতি হিসাবে ব্যাপকভাবে স্বীকৃত ভারতের চতুর্দশ প্রধানমন্ত্রী ড. মনমোহন সিং বৃহস্পতিবার নয়াদিল্লিতে পরলোকগমন করলেন। তার বয়স হয়েছিল ৯২। বৃহস্পতিবার সন্ধ্যায় তাকে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিকেল সায়েন্সেসের (এআইআইএমএস) জরুরি বিভাগে ভর্তি করা হয়। সূত্রের খবর, প্রাক্তন প্রধানমন্ত্রীকে সিপিআর (কার্ডিওপালমোনারি রিসাসিটেশন) দেওয়া হলেও তাঁকে বাঁচানোর চেষ্টা ব্যর্থ হয়। ১৯৩২ সালের ২৬ সেপ্টেম্বর পশ্চিম পাঞ্জাবের (বর্তমানে পাকিস্তানে) গাহ গ্রামে জন্মগ্রহণ করেন তিনি। তিনি চণ্ডীগড়ের পাঞ্জাব বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন এবং পরে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট ডিগ্রি অর্জন করেন। মনমোহন সিং ২২ মে, ২০০৪ থেকে ২৬ মে, ২০১৪ পর্যন্ত প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছিলেন।
কংগ্রেস নেতৃত্বাধীন ইউপিএ সরকারের নেতৃত্ব দিয়েছিলেন ঐতিহাসিক ৩,৬৫৬ দিন। তাঁর কার্যকালে তিনি জওহরলাল নেহেরু এবং ইন্দিরা গান্ধির পরে ভারতীয় ইতিহাসে তৃতীয়



দীর্ঘমেয়াদী প্রধানমন্ত্রী হন। রাজনৈতিক জীবনের আগে, মনমোহন সিং সরকারি চাকরিতে একটি বর্ণাঢ্য যাত্রা করেছিলেন। ১৯৭১ সালে বৈদেশিক বাণিজ্য মন্ত্রণালয়ের অর্থনৈতিক উপদেষ্টা হিসাবে শুরু করে তিনি দ্রুত পদমর্যাদার মধ্য দিয়ে উঠে আসেন। ১৯৭৬ সালের মধ্যে তিনি অর্থ মন্ত্রকের প্রধান অর্থনৈতিক উপদেষ্টা ছিলেন। রাজনীতিতে প্রবেশের আগেও তিনি বেশ কয়েকটি শীর্ষ পদে অধিষ্ঠিত ছিলেন, ১৯৮২ থেকে ১৯৮৫ সাল পর্যন্ত আরবিআইয়ের গভর্নর, ১৯৮৫ থেকে ১৯৮৭ সাল পর্যন্ত পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান এবং পরে চন্দ্র শেখরের আমলে প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা হিসাবে দায়িত্ব পালন করেছিলেন। ১৯৯১ সালে রাজ্যসভায় প্রবেশের মাধ্যমে সিংয়ের রাজনৈতিক জীবন শুরু হয়েছিল। মাত্র চার মাস পরে, তিনি জুন মাসে পিভি নরসিমা রাও সরকারের অধীনে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নিযুক্ত হন, যা ভারতের অর্থনীতিতে রূপান্তরমূলক পর্বের সূচনা করে। এই সংস্কারগুলি ভারতীয় অর্থনীতিকে কেবল উদারীকরণই করেনি, এর বিশ্বব্যাপী সংহতির পথও প্রশস্ত করেছিল। মনমোহন সিং প্রথমবারের মতো বিদেশি বিনিয়োগকে একটি আকর্ষণীয় প্রস্তাবে পরিণত করেছিলেন। ২০০৪ সালের লোকসভা নির্বাচনে কংগ্রেস জয়ী হওয়ার পর সোনিয়া গান্ধি অপ্রত্যাশিতভাবে তাঁকে প্রধানমন্ত্রী হিসেবে বেছে নেন। একজন অর্থনীতিবিদ-রাজনীতিবিদ হিসাবে, মনমোহন সিং গ্রামীণ দারিদ্র্যকে যুগান্তকারী কর্মসংস্থান গ্যারান্টি স্কিমের মাধ্যমে সম্বোধন করেছিলেন। স্বচ্ছতার জন্য তথ্যের অধিকার আইন এবং ভারত-মার্কিন অসামরিক পারমাণবিক চুক্তি থেকে শুরু করে দেশের সংখ্যালঘুদের আর্থ সামাজিক পরিস্থিতি খতিয়ে দেখতে সাচার কমিটি গঠন করেন যা চিরস্মরণীয় হয়ে থাকবে। ভারত এমন এক রাষ্ট্রনায়কের মৃত্যুতে শোকাহত, যাঁর দূরদৃষ্টি, সততা এবং নেতৃত্ব দেশের ইতিহাসে এক অমোচনীয় ছাপ রেখে গেছে।

## হিডকোর চেয়ারম্যান পদ থেকে সরানো হল ফিরহাদকে



**আপনজন ডেস্ক:** ফের ডানা ছাঁটা হল কলকাতার মেয়র তথা রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিমকে। এবার তাকে সরানো হল নগরায়নে গুরুত্বপূর্ণ সরকারি সংস্থা ‘ওয়েস্ট বেঙ্গল হাউসিং ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন’ বা হিডকোর চেয়ারম্যানের পদ থেকে।
বৃহস্পতিবার রাজ্য মন্ত্রিসভার বৈঠকে ফিরহাদ হাকিমকে হিডকোর চেয়ারম্যান পদ থেকে সরানোর সিদ্ধান্ত নেওয়া হয় বলে নবান্ন সূত্রে খবর। তাকে সরানো হলেও আপাতত তার জায়গায় নতুন কাউকে বসানো হচ্ছে না। হিডকোর কাজ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এখন নিজে হাতে দেখবেন বলে সূত্রের খবর।
যদিও তৃণমূল ূত্র বলছে, আগামী ২০২৬-এর বিধানসভা ভোটে সংখ্যালঘু এলাকায় ফিরহাদকে বেশি কাজে লাগানোর উদ্দেশ্যে তার দায়িত্ব কিছুটা হালকা করা হল। অনেকে বলছেন, মেয়র ও নগরোন্নয়ন মন্ত্রীয় থাকায় তাকে এই অতিরিক্ত দায়িত্ব থেকে সরানো হল। যদিও বামফ্রন্ট সরকারের আমলে তৎকালীন আবাসন মন্ত্রী গৌতম দেব একই সঙ্গে হিডকোর চেয়ারম্যানের দায়িত্বও পালন করেছিলেন।

# গণবন্টন কর্মসূচি নিয়ে সন্দেশখালি যাচ্ছেন মুখ্যমন্ত্রী

**আপনজন ডেস্ক:** পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বৃহস্পতিবার বলেন, তিনি ৩০ ডিসেম্বর উত্তর ২৪ পরগনা জেলার সন্দেশখালিতে একটি গণবন্টন অনুষ্ঠানে যোগ দেবেন। স্থানীয় তৃণমূল নেতাদের বিরুদ্ধে জমি দখল ও মহিলাদের যৌন হেনস্থার অভিযোগে চলতি বছরের গোড়ায় এই এলাকায় ব্যাপক বিক্ষোভ হওয়ার পর এটাই হবে সুন্দরবনের সীমান্তে অবস্থিত এই দ্বীপে তাঁর প্রথম সফর।
বৃহস্পতিবার দুপুরে রাজ্য সচিবালয় নবান্নে চলতি ক্যালেন্ডার বছরের জন্য মন্ত্রিসভার শেষ বৈঠকের শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় মুখ্যমন্ত্রী তাঁর নির্ধারিত সন্দেশখালি সফরের কথা জানান। এ নিয়ে মমতা বলেন, আমি ৩০ ডিসেম্বর সন্দেশখালি যাব গণবন্টন কর্মসূচিতে সভাপতিত্ব করতে। নির্বাচনের আগে জনগণ আমাকে প্রশ্ন করেছিল আমি সন্দেশখালি যাব কি যাব না। আমি তাকে বলেছিলাম আমি পরে যাব’। মুখ্যমন্ত্রী আরও বলেন, ‘এটা হবে সরকারি কর্মসূচি। আমরা ‘লক্ষ্মী ভান্ডার’, ‘বাংলার বাড়ি’ এবং অন্যান্য প্রকল্পের অধীনে অনেকগুলি অমীমাংসিত কর্মসূচি সম্পন্ন করেছি। এলাকার প্রায় ২০০০০ সুবিধাভোগী বিভিন্ন রাজ্য-চালিত প্রকল্প থেকে উপকৃত হবে। আমি আশা করি মঞ্চ থেকে প্রায় ১০০ জনের হাতে বিভিন্ন প্রকল্পের শংসাপত্র তুলে দেব।



যৌন হেনস্থা ও জমি দখলের বিরুদ্ধে স্থানীয় মহিলাদের বিক্ষোভের জেরে চলতি বছরের গোড়ায় সন্দেশখালিতে হিংসার সাক্ষী থাকা সত্ত্বেও মুখ্যমন্ত্রী কেন সন্দেশখালি সফর এড়িয়ে যাচ্ছেন, তা নিয়ে রাজ্যের বিরোধী দল-সহ বিভিন্ন মহল থেকে সন্দেহ উঠেছিল।তবে রাজনৈতিক পর্যবেক্ষকরা মনে করছেন, ৩০ ডিসেম্বর মুখ্যমন্ত্রীর সন্দেশখালি সফর তাৎপর্যপূর্ণ, কারণ সেদিন সেখান থেকে তিনি কোনও গুরুত্বপূর্ণ ঘোষণা করবেন বলে আশা করা হচ্ছে। মন্ত্রিসভার বৈঠকের শেষে মমতা বন্দ্যোপাধ্যায় সকলকে নববর্ষের শুভেচ্ছা জানান এবং ঘোষণা করেছেন যে ১ জানুয়ারি তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ছুটি থাকবে। মুখ্যমন্ত্রী বলেন, ২ জানুয়ারি নবান্ন হলে প্রশাসনিক বৈঠক ডাকা হয়েছে। সমস্ত বিভাগীয় কাজ পর্যালোচনা করা হবে। ৬ জানুয়ারি গঙ্গাসাগর মেলা উপলক্ষে দক্ষিণ ২৪ পরগনার গঙ্গাসাগরে যাব। আমি প্রথমে ভারত সেবা আশ্রম এবং পরে কপিলমুনি আশ্রম পরিদর্শন করব।


আশ শিফা ইনস্টিটিউট অফ নার্সিং

❑ জগন্নাথপুর ❑ সহরার হাট ❑ ফলতা ❑ দঃ ২৪ পরগণা পিন- ৭৪৩৫০৪

মেয়েদের সুরক্ষা আমাদের কাছে অগ্রগণ্য।
এবং একই ক্যাম্পাসে হাসপাতাল ও নার্সিং স্কুল

আর ভিন রাজ্যে নয়!
মেয়েদের নার্সিং স্কুল
এখন
ফলতার সহরারহাটে



২০২৪-২৫ বর্ষে
GNM
কোর্সে
ভর্তি চলছে

❑ অভিজ্ঞ প্রফেসর ডাক্তার দ্বারা পরিচালিত।
❑ আধুনিক সুসজ্জিত ল্যাবরেটরি, লাইব্রেরি।
❑ ১০০ বেড সমৃদ্ধ নিজস্ব হাসপাতালে প্রশিক্ষণের ব্যবস্থা।
❑ জেলায় প্রথম একই ক্যাম্পাসে হাসপাতাল ও নার্সিং স্কুল।
❑ উন্নত পরিকাঠামোযুক্ত সুপরিসর ভবন।

অন্য প্রতিষ্ঠানের তুলনায় অনেক কম কোর্স ফিজ - 2.5 লাখ

স্কলারশিপ, স্টুডেন্ট ক্রেডিট কার্ডের ব্যবস্থা আছে

যোগাযোগ
6295 122 937
9732 589 556
www.ashsheefahospital.com

ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল অনুমোদিত

সায়েন্স / আর্টস / কমার্স---
যেকোন স্ট্রিমে HS-এ
40% নম্বর পেলেই ভর্তি হতে পারবেন

ডাঃ ফারুক উদ্দিন পুরকাইত (ডিরেক্টর), MBBS, MD, Dip Card

প্রথম নজর

# বগডহরা হাই মাদ্রাসার বার্ষিক পরীক্ষার ফল প্রকাশ



**আব্দুস সামাদ মন্ডল ● বাঁকুড়া**

**আপনজন:** বগডহরা সিদ্দিকীয়া হাই মাদ্রাসার বার্ষিক পরীক্ষার ফল প্রকাশ।বৃহস্পতিবার সকালে ফলাফল প্রকাশ করা হয়। ফলাফল প্রকাশ অনুষ্ঠানে মাদ্রাসার প্রধান শিক্ষক মিরাজুল ইসলাম ফলাফল নিয়ে বলেন আজ যে ফলাফল দেওয়া হয়েছে তা খুবই আনন্দের। পঞ্চম থেকে দশম শ্রেণিতে দুএকজন ছাড়া সবাই উত্তীর্ণ হয়েছে। পাসের হার এক কথায় অনেক বেশি।সহকারি প্রধান শিক্ষক লিয়াকত আলী বলেন,শিক্ষকদের পরিশ্রম, অভিভাবকদের সহযোগিতা, সন্তানদের যত্ন এসবের জন্যই আজকে শিক্ষার্থীদের সফলতা। মাদ্রাসার সেক্রেটারি তাহের বাবু জানান, আজকে আনন্দের সঙ্গে শিক্ষার্থীরা তাদের সফলতার ফসল নিয়ে যাচ্ছে। শিক্ষার্থীরা আরও ভালো করুক, ২০২৫ খ্রিস্টবর্ষ সবার জন্য শুভ হোক। শিক্ষার্থীরা সার্বিক বিকাশে বিকশিত হোক, এটাই প্রত্যাশা। এছাড়াও সমস্ত শিক্ষক-শিক্ষিকাগণ ছাত্র-ছাত্রীদের সাফল্য কামনা করেছে। এ বছরের পরীক্ষায় মাদ্রাসার পাসের হার ৯৮% বলে জানান মাদ্রাসা কর্তৃপক্ষ।

# পুলিশ সেজে দাদাগিরি, ধৃত দুই যুবক



**আমীরুল ইসলাম ● বোলপুর**

**আপনজন:** বোলপুর কিন্নাহার রোডে গ্লোকাল হসপিটালে সন্নিকট। পুলিশের পোশাক পরিহিত দুইজন পুলিশ কর্মী সাধারণ মানুষের হাতে ধরা পরল। কারণ ওই পুলিশ কর্মরত অবস্থায় তার আচার-আচরণ দেখে সাধারণ মানুষের সন্দেহ হয়। কারণ তিনি নেশাগ্রস্ত অবস্থায় ছিলেন। তাই সাধারণ মানুষ তাকে দেখে সন্দেহ হয় যে তিনি কিভাবে পুলিশের পোশাক পরে এইভাবে নেশা করেছেন। সঙ্গে সঙ্গে থানায় ফোন করে জানানো হয় এবং তাকে উদ্ধার করে নিয়ে যান। পুরো বিষয়টা পুলিশ তদন্ত করছে।

# ইমাম-মুয়াজ্জিনদের সভায় ওয়াকফ ও নারী সুরক্ষার দাবি উঠল




**নিজস্ব প্রতিবেদক ● হুগলি**

**আপনজন:** বৃহস্পতিবার হুগলি জেলার চুঁচুড়া -মগরা ব্লকের নাকসা মোড় মদিনা মসজিদ প্রাঙ্গণে এক আলোচনা সভা হয়ে গেল অলবেঙ্গল ইমাম মুয়াজ্জিন এ্যাসোসিয়েশন এন্ড চারিটেবল ট্রাস্ট এর উদ্যোগে। বহু সম্মানিয় ইমাম মুয়াজ্জিন ও উলামা হজরত গন উপস্থিত ছিলেন। আন্তর্জাতিক কেরাত সম্মেলন,ওয়াকফ নয়া বিল প্রত্যাহার, সংখ্যালঘু নির্যাতন, মুসলিম নারী সুরক্ষা ইত্যাদি বিষয়ে নানাবিধ ভাবে আলোচনা হয় উক্ত সভায়। বর্তমান সময়ে নারী জাতি বিভিন্ন জায়গায় অপদস্ত হচ্ছে। তারা যাতে অসম্মানিত না হয় তার জন্য প্রশাসনকে নজর রাখার দাবি জানান ইমাম মুয়াজ্জিনরা। ইমাম মুয়াজ্জিনরা বলেন, কেন্দ্রীয় সরকারের নয়া ওয়াকফ বিল প্রত্যাহার করতে হবে। তা না হলে সারা দেশজুড়ে সংখ্যালরা ব্যাপক আন্দোলন শুরু করবে। সেই সঙ্গে ইমাম মুয়াজ্জিনদের ভাতা বৃদ্ধির দাবি জানানো হয়। তাদের দাবি, বর্তমান বাজার দর অনুযায়ী ইমাম মুয়াজ্জিন ভাতা বৃদ্ধি করা দরকার। সংগঠনের তরফে বলা হয়, ইমাম সাহেবরা ধর্মীয় কাজের পাশাপাশি বহু সামাজিক কাজ করেন। ওয়াকফ বোর্ড কে আরো সক্রিয় ভূমিকা নিয়ে জবরদখল ওয়াকফ সম্পত্তি উদ্ধার করতে হবে। ফলে সেই আই থেকে ইমাম মুয়াজ্জিন ভাতা বৃদ্ধি করা যাবে বলে বক্তারা মনে করেন। অলবেঙ্গল ইমাম মুয়াজ্জিন এ্যাসোসিয়েশন এন্ড চারিটেবল ট্রাস্ট এর মগরা ব্লক সভাপতি মৌলানা নজরুল ইসলাম কাসেমী সভাপতিত্ব করেন। এছাড়া বেঙ্গল মাইনোরিটি অ্যাসোসিয়েশন এর সভাপতি ও ইমাম মুয়াজ্জিন এ্যাসোসিয়েশন এন্ড চারিটেবল ট্রাস্ট এর কোর কমিটির সদস্য আবু আফজাল জিন্না, কার্যকরি সভাপতি রফিকুল ইসলাম, মৌলানা আব্বাস সাহেব , হাফেজ আজগার, হাফেজ সাবির ইত্যাদি বক্তব্য রাখেন। দোয়ার মাধ্যমে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

# সাত্তারকে খাদেমুল হুজ্জাজ সংগঠনের তরফে সম্মাননা



**নিজস্ব প্রতিবেদক ● কলকাতা**

**আপনজন:**মূখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর প্রধান উপদেষ্টা (সংখ্যালঘু ও মাদরাসা বিষয়ক বিভাগ) ড. আব্দুস সাত্তারকে অল বাংলা খাদেমূল হুজ্জাজ ওয়েলফেয়ার ট্রাস্টের পক্ষথেকে মহাকরণে সম্মাননা জ্ঞাপন করা হলো।

অল বাংলা খাদেমূল হুজ্জাজ এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন ট্রাস্টের সভাপতি আলহাজ্ব রমজান আলি মোল্লা, সম্পাদক মুফতি মুজিবর রহমান সাহেব এবং কোষাধ্যক্ষ খলিল মল্লিক।

২০২৫এ হাজীদের খিদমত কি ভাবে সহজ সরল এবং সুন্দর করা যায় এবং এই খিদমতে অল বাংলা খাদেমূল হুজ্জাজ স্বেচ্ছাসেবী সংস্থা হিসেবে কি কি ভূমিকা নিতে পারে সেই ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও ২০২৫ হজ পরবর্তী জীবন এবং ২০২৬ এ এই বাংলা থেকে হাজির সংখ্যা কি ভাবে বাড়ানো যায় তা নিয়ে স্বেচ্ছাসেবী সংস্থাগুলো গুরুত্বপূর্ণ হতে পারে বলে তা জানান। খাদিমুল হুজ্জাজ ট্রাস্টের মতো স্বেচ্ছাসেবী সংস্থা এবং পশ্চিমবঙ্গ রাজ্য হজ কমিটি মিলিত ভাবে হজ সচেতনতা শিবির সহ সব ধরনের প্রোগ্রাম কি ভাবে করতে পারে তার রূপরেখা নিয়ে দীর্ঘক্ষণ আলোচনা হয় আবদুস সাত্তারের সঙ্গে ।

# আবাস যোজনা সহ নানা দাবিতে এসডিও অফিস সম্মুখে বিক্ষোভ




**সেখ রিয়াজুদ্দিন ও আজিম শেখ ● রামপুরহাট**

**আপনজন:** আবাস যোজনার পরিপ্রেক্ষিতে রাজ্যের বিভিন্ন স্থানে শাসক বিরোধী দলের পক্ষ থেকে স্বজনপোষণ দুর্নীতির অভিযোগ তুলে বিক্ষোভ অভিযান অব্যাহত। সেরূপ বৃহস্পতিবার বীরভূম জেলা সিপিআইএম কমিটির উদ্যোগে এবং রামপুরহাট শাখার পক্ষ থেকে রামপুরহাট মহাকুমা শাসকের দপ্তর অভিযান কর্মসূচির ডাক দেওয়া হয়। লাল পতাকা সজ্জিত বিভিন্ন ধরনের শ্লোগান সম্বলিত ব্যানার সহযোগে এদিন মিছিল সংগঠিত হয়। রামপুরহাট ডাকবাংলো মোড় থেকে মিছিল শুরু হয়ে সমগ্র শহর পরিক্রমা করে এবং মহকুমা শাসকের দপ্তরের সামনে জমায়েত হয়ে ধর্না অবস্থানের পাশাপাশি বিক্ষোভ সভা হয় অনুষ্ঠিত হয়। পরবর্তীতে মহকুমা শাসকের নিকট ডেপুটেশন দেওয়া হয়।এদিন বিক্ষোভ মিছিল থেকে যে সমস্ত দাবিতে মিছিল সংগঠিত হয় তার মধ্যে উল্লেখযোগ্য হল আবাস যোজনায় দুর্নীতি ও স্বজনপোষণ চলবে না, প্রকৃত প্রাপক প্রত্যেক গৃহহীনদের বাড়ি দিতে হবে, রামপুরহাট মেডিক্যাল কলেজ হাসপাতালে রোগী পরিষেবার হাল ফেরাতে হবে। এদিনের বিক্ষোভ সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সিপিআইএমের জেলা নেতৃত্ব দীপঙ্কর চক্রবর্তী, সঞ্জীব বর্মন, সঞ্জীব মল্লিক এবং সভাপতিত্ব করেন অরূপ বাগ।

# বিড়ি শ্রমিকদের মজুরি বৃদ্ধির ঘোষণা বসিরহাটের তৃণমূল শ্রমিক সংগঠনের




**এহসানুল হক ● বসিরহাট**

**আপনজন:** দীর্ঘদিন আন্দোলনের পরে বিড়ি শ্রমিকদের মজুরি বৃদ্ধি হল। জানা যায় বসিরহাট সাব ডিভিশনে দীর্ঘ দেড় মাস ধরে বিড়ির শ্রমিকরা মজুরি বৃদ্ধির জন্য আন্দোলন চালিয়ে গিয়েছিল। তাই বাধ্য হয়ে বৃহস্পতিবার বসিরহাট সাংগঠনিক তৃণমূল বিড়ি শ্রমিক সংগঠন ও বসিরহাট বিড়ি ব্যবসায়ী সমিতির মধ্যে বৃহস্পতিবার বৈঠকে বসে সেখানেই শ্রমিকদের মজুরি বৃদ্ধির কথা ঘোষণা করা হয়। প্রায় তিন বছর পর আজ ৮০,০০০ বিড়ি শ্রমিকদের মজুরী বৃদ্ধি পেলো। বাম আমলে বসিরহাট মহকুমায় ১০০০ বিড়ি বেঁধে ৭০ টাকা মজুরী পেতেন শ্রমিকরা। ধাপে ধাপে মজুরী বৃদ্ধি হয়। এরপর আজ সিদ্ধান্ত মতে ১০০০ বিড়ি বাঁধলে ২৩০ টাকা মজুরী পাবে শ্রমিকরা। আরো দাবি ছিল শ্রমিকদের মজুরী বৃদ্ধি ছাড়াও, ভালো মানের পাতা ও তামাক সরবরাহ করা, লগ বুক চালু করা , সম কাজে সম বেতন সহ একাধিক দাবি আজ ইউনিয়ন এর পক্ষ থেকে পেশ করা হয় । মালিক ব্যবসায়ী সেবা সমিতি সব দাবিই আজ মেনে নিয়েছেন। বসিরহাট মহকুমায় ইঁট ভাঁটা পর দ্বিতীয় বৃহত্তম শিল্পের নাম বিড়ি শিল্প। শ্রমিক দের মধ্যে প্রায় ৯৫ শতাংশই বাড়ির মহিলারা। এই আলোচনায় উপস্থিত ছিলেন হাসনাবাদ ব্লকে হাসনাবাদ পঞ্চায়েত সমিতির সভাপতি আমিরুল ইসলাম গাজী, সহ সভাপতি এসকেন্দার গাজী সহ ট্রেড ইউনিয়ন এর নেতৃত্বরা উপস্থিত ছিলেন। উপস্থিত ছিলেন বসিরহাট জেলার আইএনটিসিউ সভাপতি কৌশিক দত্ত তিনি বলেন আমরা সব সময় শ্রমিকদের পাশে আছি। এটা মা মাটি সরকার আগে মানুষের দাবী দাওয়া পূরণ করাটাই আমাদের কাজ। আগামী দিনও এই সমস্ত শ্রমিকদের পাশে আমরা থাকবো। আজ তাদের দাবি পূরণ হওয়ায় ভীষণ খুশি।

# হাতিয়াড়া মাদ্রাসায় পাঁচদিন ধরে চলল শ্রেণিভিত্তিক ফল প্রকাশ



**নিজস্ব প্রতিবেদক ● হাতিয়াড়া**

**আপনজন:** একদিকে বেসরকারি শিক্ষাব্যবস্থার রমরমা অবস্থা, অন্যদিকে সরকারি শিক্ষা ব্যবস্থার বেহাল দশা। ড্রপ আউট যেন কোন মতে আটকানোই যাচ্ছে না। ক্লাসে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির হারও সন্তোষজনক নয়। পঠন-পাঠনে ছাত্র-ছাত্রীদের চরম অনিহা। পাশ-ফেল নিয়ে তারা কোনোভাবেই চিন্তিত নয়। দিনের পর দিন পরিস্থিতি যেন আরও খারাপ হচ্ছে। স্কুলগুলির তুলনায় মাদ্রাসা গুলির হাল যেন আরো বেহাল। শহরকেন্দ্রিক স্কুল ও মাদ্রাসাগুলি আগামী দিনে তাদের অস্তিত্ব টিকিয়ে রাখতে পারবে কিনা সেখানে রয়েছে বড় প্রশ্ন চিহ্ন।

শিক্ষক-অভিভাবক সভার আয়োজন করলেও সেখানে অভিভাবকদের উপস্থিতি নগণ্য। তাহলে সমস্যার সমাধান হবে কিভাবে? সেই কারণেই নতুন পন্থা অবলম্বন করতে হলোনিউটাউনের হাতিয়াড়া হাই মাদ্রাসাকে। মাদ্রাসা কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেই এই বছরের বার্ষিক পরীক্ষার মার্কশীট ছাত্র-ছাত্রীদের উপস্থিতিতে অভিভাবকদের হাতে তুলে দেয়া হবে। সেই উপলক্ষ্যে পাঁচ দিন ধরে চলল শ্রেণীভিত্তিক ফল-প্রকাশ প্রক্রিয়া। অভিভাবকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। বিভিন্ন সমস্যা সমাধানের জন্য অভিভাবকদের কাছে সহযোগিতা কামনা করেন মাদ্রাসার প্রধান শিক্ষক এসকার আলী শেখ। সন্তানদের সুশিক্ষিত ও মানুষের মত মানুষ করে তুলতে হলে পিতা-মাতা ও শিক্ষককে একজোট হয়ে কাজ করতে হবে এই বার্তা দেন মাদ্রাসার প্রধান শিক্ষক। হাতিয়াড়া হাই মাদ্রাসার সামগ্রিক উন্নয়নে অভিভাবকদের এগিয়ে আসার আহ্বান করেন মাদ্রাসার পরিচালক সমিতির সম্পাদক মোঃ আফতাব উদ্দিন সাহেব।

অভিভাবকদের বিভিন্ন বিষয়ে পরামর্শ দেন ও তাদের সহযোগিতা কামনা করেন মাদ্রাসার অন্যান্য শিক্ষক ও শিক্ষিকারা। ফল প্রকাশের অভিনব পদ্ধতিতে বেজায় খুশি অভিভাবকরা। আগামী দিনে এই পদ্ধতি বজায় থাকুক এ বিষয়ে মত প্রকাশ করেন অসংখ্য অভিভাবক ও অভিভাবিকা।

# বাল্যবিবাহ, স্বাস্থ্য সুরক্ষা বিষয়ে সচেতনতা অনুষ্ঠান দুবরাজপুরে




**নিজস্ব প্রতিবেদক ● বীরভূম**

**আপনজন:** বাল্যবিবাহ, কিশোরী গর্ভাবস্থা তথা কম বয়সে মাতৃত্ব নিবারণের লক্ষ্যে স্বাস্থ্য দপ্তর সহ জেলা প্রশাসনের উদ্যোগে বিভিন্ন ধরনের সচেতনতা মূলক পদক্ষেপ গ্রহণ করা হয় । এতদসত্ত্বেও বাল্যবিবাহ বন্ধ করা যাচ্ছে না। প্রশাসনের ভয়ে বা নজর এড়াতে পার্শ্ববর্তী ঝাড়খণ্ড রাজ্যের আত্মীয় স্বজনের বাড়ি থেকে বিয়ের বন্দোবস্ত করা হচ্ছে বলে এরকম খবর পাওয়া গেছে। সেই প্রেক্ষিতে নতুন উদ্যমে মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের নিয়ে একটি সচেতনতামূলক কার্যক্রম অনুষ্ঠিত হয় বৃহস্পতিবার। জানা যায় দুবরাজপুর ব্লকের সাহাপুর গ্রাম পঞ্চায়েতের আত্মসম্মান মহিলা সেল্ফ হেল্প গ্রুপ কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের উদ্যোগে এরূপ শিবিরের আয়োজন বলে জানা গেছে। সেখানে পালস্ পোলিও, বাল্যবিবাহ, শিশুশ্রম, শিশু পাচার এবং কিশোরী গর্ভাবস্থা ইত্যাদি বিষয়ে জাগৃতি নামক অনুষ্ঠানের মাধ্যমে সচেতনতা শিবিরের আয়োজন করা হয় সাহাপুর আত্মসম্মান মাঠে। এদিন প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানের সূচনা করেন বীরভূম জেলা পরিষদের সভাধিপতি ফায়েজুল হক ওরফে কাজল সেখ। এছাড়াও উপস্থিত ছিলেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার হিমাদ্রি আড়ি, দুবরাজপুর ব্লকের বিডিও রাজা আদক, দুবরাজপুর ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাক্তার সালমান মণ্ডল, জেলা পরিষদের খাদ্য কর্মাধ্যক্ষ অরুণ চক্রবর্তী, সদস্যা মুনমুন ঘোষ ও মর্জিনা বিবি, দুবরাজপুর পঞ্চায়েত সমিতির সভাপতি বুদ্ধদেব হেমব্রম, বন ও ভূমি কর্মাধ্যক্ষ রফিউল হোসেন খান, সিউড়ি সুপার স্পেশালিটি হাসপাতালের সুপার সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকেরা। উল্লেখ্য জেলার নিরিখে এলাকায় বাল্য বিবাহের হার দৈনন্দিন বেড়েই চলেছে। যার ফলে গর্ভবতী মা বা সন্তানের মৃত্যু হচ্ছে। সেগুলো রোধ করার লক্ষ্যে আলোচনা সভা ও নাট্যানুষ্ঠানের মাধ্যমে সচেতনতার বার্তা দেওয়া হয়। বাল্য বিবাহ প্রতিরোধের জন্য "বীরাঙ্গনা" নামে একটি নাটক মঞ্চস্থ হয়।

# যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন অনুষ্ঠান



**আপনজন ডেস্ক:** প্রতি বছরের মতো এবারও যাদবপুর বিশ্ববিদ্যালয়ে মহা সমারোহে অনুষ্ঠিত হলো সমাবর্তন অনুষ্ঠান ২০২৪। গত ২৪ ডিসেম্বর ২০২৪ বিশ্ববিদ্যালয়ের ওপেন এয়ার থিয়েটার মঞ্চে দিনব্যাপী অনুষ্ঠিত সমাবর্তন অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের অসংখ্য কৃতি ছাত্রছাত্রীদের পিএইচডি ও ডিগ্রির প্রমাণ পত্র সহ সম্মান প্রদান করা হয়। এদিন সার্টিফিকেট সহ সম্মাননা প্রদান করা হয় সেখ মুস্তাফা কামালকে। মুস্তাফা কামাল 'ইন্স্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং' এর কৃতি ছাত্র এবং বিশিষ্ট সাহিত্যিক সেখ আব্দুল মান্নান এবং গৃহকর্ত্রী জাহানারা বেগমের পুত্র।

# নদিয়ায় রাজ্য পুলিশের হাতে গ্রেফতার ১৫ জন বাংলাদেশি



**নিজস্ব প্রতিবেদক ● নদিয়া**

**আপনজন:** বাংলাদেশের বর্তমান পরিস্থিতিকে কাজে লাগিয়ে বাংলায় ঢুকে পড়ছে একের পর এক অনুপ্রবেশকারী রাতের অন্ধকারে কিংবা ভোরের কুয়াশায় প্রতিনিয়ত ভারত বাংলাদেশ সীমান্তের কাঁটাতার পেরিয়ে অবাধে ঢুকে পড়ছে অনুপ্রবেশকারীরা, কিন্তু বিএসএফের কড়া নজরদারি থাকলেও তা এড়িয়ে লোকালয়ে এসে গা ঢাকা দিচ্ছে বাংলাদেশি অনুপ্রবেশকারী। রাজ্য পুলিশের তরফ থেকেও চলছে দফায় দফায় চিরুনি তল্লাশি।গতকাল রাতে বিশেষ অভিযান চালিয়ে আবারো ১৫ জনকে গ্রেফতার করে রানঘাট জেলা পুলিশ হাঁসখালি ও ধানতলা থানার পুলিশ। যাদের মধ্যে পাঁচ জন ভারতীয় আশ্রয়কারী,এছাড়াও নাবালিকা সহ ১০ জন বাংলাদেশের অনুপ্রবেশকারী। বৃহস্পতিবার ধৃতদের রানাঘাট বিচার বিভাগীয় আদালতে তোলা হয়। উল্লেখ্য গত দু'মাসে পুরাই ২০০ জনের বেশি অনুপ্রবেশকারীকে গ্রেফতার করে রানাঘাট পুলিশ জেলার বিভিন্ন পুলিশ থানা। কিন্তু এখনো পর্যন্ত অনুপ্রবেশকারী আটকানো সম্ভব হচ্ছে না।তাহলে কি সীমান্তবর্তীতে বিএসএফের গাফিলতির কারণটাই উঠে আসছে, প্রশ্ন উঠছে রাজ্য পুলিশের তরফ থেকেও। বৃহস্পতিবার আবারো বাংলাদেশি গ্রেপ্তার নিয়ে ধানতলা থানায় একটি সাংবাদিক বৈঠক করেন ডিএসপি বর্ডার সোমনাথ ঝা জানান,অনুপ্রবেশকারীরা যতই চেষ্টা করুক না কেন গা ঢাকা দিয়ে থাকবে তার কোন উপায় নেই, কারণ সবসময় করা নজর রাখছে রানাঘাট পুলিশ জেলা,যার কারণে এখনো পর্যন্ত প্রায় ২০০ রো বেশি বাংলাদেশী অনুপ্রবেশকারী কে গ্রেফতার করা সম্ভব হয়েছে।

ছড়িয়ে-ছিটিয়ে

# ইলেকট্রিক শক লেগে মৃত্যু, শোকের ছায়া ছয়ঘরিতে



**নিজস্ব প্রতিবেদক ● বহরমপুর**

**আপনজন:** মুর্শিদাবাদের দৌলতাবাদ থানার ছয়ঘরি পশ্চিম পাড়ায় একটি মর্মান্তিক ঘটনা ঘটে। ২২ বছরের যুবক সামিউল সেখ ইলেকট্রিক কাজ করার সময় দুর্ঘটনার শিকার হয়। তিনি স্থানীয় আবুল কালাম সেখ এবং রিনা বিবির একমাত্র সন্তান। বৃহস্পতিবার দুপুর ২ টার সময় স্থানীয় প্রতিবেশী রিন্টু সেখের বাড়িতে কাজ করার সময় সামিউল ইলেকট্রিক সক লেগে মাটিতে পড়ে যায়। প্রতিবেশীরা দ্রুত তাঁকে ইসলামপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যায়। সেখান থেকে বহরমপুর মেডিকেল কলেজ ও হাসপাতালে রেফার করা হলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। স্থানীয় সূত্রে জানা যায়, সামিউল সেখ বেঙ্গালুরুতে রংমিস্ত্রির কাজ করতো এবং ২৫ দিন আগে বাড়ি ফিরেছিলো। তাঁর বিয়ে হয়েছিল মাত্র এক বছর আগে। গ্রামের ইসলামিক ধর্মসভার দিনে এই মর্মান্তিক ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। পরিবারের একমাত্র ছেলেকে হারিয়ে শোকে ভেঙে পড়েছে তার পরিবার।



*আপনজন: দক্ষিণ ২৪ পরগনা রায়দিঘী বৈদ্য পাড়ায় থ্যালাসেমিয়া রোগীদের জন্য রক্তদান শিবির অনুষ্ঠিত হল বৃহস্পতিবার।এদিন নারী ও পুরুষ মিলিয়ে ৩০০ জন রক্তদান করেন। ছবি: কুতুব উদ্দিন মোল্লা*

# তারানগরে পদ্মার ভাঙন দুর্গতদের শীতবস্ত্র বিলি



**জহির উল ইসলাম ● লালগোলা**

**আপনজন:** এবছরের ভয়াবহ পদ্মা-ভাঙনে লালগোলার তারানগর গ্রাম দারুণভাবে বিধ্বস্ত হয়ে পড়ে। গ্রামের অধিকাংশ মানুষ সেই ধকল আজও সামলে উঠতে পারেনি। এরই মাঝে ঋতু বিবর্তনের ধারা মেনে বিপন্ন মানুষগুলোর দরজায় শীত এসে হাজির হয়েছে। উত্তরে হাওয়ার দাপটে কনকনে ঠান্ডায় নদী-তীরবর্তী এলাকার মানুষজন জুবুথুবু। এই বিধ্বস্ত সময়ে মানবিক সহায়তা নিয়ে গ্রামবাসীদের পাশে দাঁড়াল 'সোসাইটি ফর ব্রাইট ফিউচার'(এসবিএফ)-এর মুর্শিদাবাদ জোন। জামাআতে ইসলামী হিন্দ লালগোলা শাখার সহযোগিতায় এই মানবতাবাদী সংগঠনটি তারানগর গ্রামের দুস্থ ও পদ্মা বিধ্বস্ত ৩৫টি পরিবারের হাতে শীতবস্ত্র তুলে দিল। স্থানীয় 'ফুলকুঁড়ি শিশু মিশন' প্রাঙ্গণে আয়োজিত এই বস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উক্ত সংগঠনের মুর্শিদাবাদ জোনের কো-কনভেনার আব্দুল কালাম, জামাআতে ইসলামী হিন্দ মুর্শিদাবাদ জেলার বিভাগীয় সম্পাদক মোঃ জাকির হোসেন, জামায়াতের ছাত্র সংগঠন এসআইও-র দুর্লভপুর ইউনিটের দায়িত্বশীল আবু রায়হানসহ দুই সংগঠনের অন্যান্য কর্মকর্তা ও ভলিন্টিয়ারবৃন্দ।

# ব্লক পরিদর্শনে জেলাশাসক




**সেখ আব্দুল আজিম ● মশাট**

**আপনজন:** হুগলি জেলা শাসক মুক্ত আর্য চন্ডীতলা ১ নং ব্লক পরিদর্শনে আসেন। তিনি চন্ডীতলা ১ নং ব্লকের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান,পঞ্চায়েত সহ বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে পরিদর্শন করেন। পরিদর্শন টিমে ছিলেন জেলা শাসক ছাড়াও শ্রীরামপুর মহাকুমা শাসক, চন্ডীতলা ১ নং সমষ্টি উন্নয়ন আধিকারিক, বিভিন্ন দপ্তরের আধিকারিক গণ, বিভিন্ন জনপ্রতিনিধি। আঁইয়া গ্রামীণ হাসপাতালে তিনি প্রশাসনিক বৈঠক করেন দপ্তরের আধিকারিকদের নিয়ে। বৈঠকে শেষে মিডিয়ার মুখোমুখি হয়ে তিনি জানান, চন্ডীতলা ১ নং ব্লক ও পঞ্চায়েত সমিতি খুব ভালো কাজ করছেন।

## প্রথম নজর

# যুক্তরাষ্ট্রে জাতীয় পাখির মর্যাদা পেল সাদা মাথার ইগল



**আপনজন ডেস্ক:** যুক্তরাষ্ট্রে জাতীয় পাখির আনুষ্ঠানিক স্বীকৃতি পেয়েছে সাদা মাথার ইগল (বল্ড ইগল)। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন গত মঙ্গলবার একটি আইনে স্বাক্ষর করার মধ্য দিয়ে সাদা মাথা ও হলুদ ঠোঁটের এ শিকারি পাখিটিকে আনুষ্ঠানিক স্বীকৃতি দেন।

সাদা মাথার ইগল বছরের পর বছর ধরে যুক্তরাষ্ট্রে একটি জাতীয় প্রতীক হয়ে ছিল। ১৭৮২ সাল থেকে যুক্তরাষ্ট্রের সরকারি নথিপত্রে ব্যবহৃত সিলে (গ্রেট সিল অব দ্য ইউএস) এ পাখির ছাপ দেখা যায়। তবে এটিকে এত দিন সরকারিভাবে জাতীয় পাখি ঘোষণা করা হয়নি। গত সপ্তাহে এমন ইগলকে আনুষ্ঠানিকভাবে জাতীয় পাখি উল্লেখ করে মার্কিন কংগ্রেসে একটি বিল পাস হয়েছে। এরপর বিলটিকে আইনে পরিণত করতে স্বাক্ষরের জন্য তা বাইডেনের কাছে পাঠানো হয়।

ইগল বিষয়ক ন্যাশনাল বার্ড ইনিশিয়েটিভ ফর দ্য ন্যাশনাল ইগল সেন্টারের কো-চেয়ার জ্যাক ডেভিস এক বিবৃতিতে বলেন, ‘প্রায় ২৫০ বছর ধরে, আমরা বল্ড ইগলকে জাতীয় পাখি বলে ডাকতাম, যদিও এটি তা ছিল না। তবে এখন আনুষ্ঠানিক স্বীকৃতি পেয়েছে এবং এ স্বীকৃতি পাওয়ার জন্য আর কোনো পাখিই এর চেয়ে যোগ্য হতে পারে না।’

তবে সবার মত এ পদক্ষেপের পক্ষে ছিল না। যুক্তরাষ্ট্রের অন্যতম ফাউন্ডিং ফাদার (প্রতিষ্ঠাতা) বেঞ্জামিন ফ্রাংকলিন সাদা মাথার ইগলকে জাতীয় প্রতীক হিসেবে গ্রহণের বিরোধিতা করেছিলেন। তিনি এই পাখিকে ‘খারাপ নৈতিক চরিত্রের পাখি’ বলে উল্লেখ করেছিলেন। অন্যদিকে যুক্তরাষ্ট্রের ভেটেরান অ্যাফেয়ার্স বিভাগের মতে, সাদা মাথার ইগলসহ বিভিন্ন প্রজাতির ইগলকে বহু প্রজন্ম ধরে শক্তি, সাহস, স্বাধীনতা ও অমরত্বের প্রতীক হিসেবে দেখা হয়েছে। সাদা মাথার ইগল শুধু উত্তর আমেরিকাতেই পাওয়া যায়।

বিলটি উত্থাপন করেছিলেন মিনেসোটা অঙ্গরাজ্যের আইন প্রণেতারা। এই অঙ্গরাজ্যেই যুক্তরাষ্ট্রের অন্যতম বৃহৎ সাদা মাথার ইগল জনসংখ্যা রয়েছে বলে জানান সিনেটর অ্যামি ক্লোবুচার। বিলটি পাস হওয়ার আগে থেকেই ১৯৪০ সালের ন্যাশনাল এমব্লেম অ্যাক্টের আওতায় সাদা মাথার ইগল সংরক্ষিত। এই আইনে পাখিটি শিকার বা বিক্রয় নিষিদ্ধ। সাদা মাথার ইগল একসময় বিলুপ্তির পথে ছিল।

# সাইবার হামলার শিকার জাপান এয়ারলাইন্স!




**আপনজন ডেস্ক:** বড় ধরনের সাইবার হামলার শিকার হলো জাপানের রাষ্ট্রীয় বিমান সংস্থা জাপান এয়ারলাইন্স। বৃহস্পতিবার স্থানীয় সকাল সাড়ে ৭টার দিকে সংস্থাটিতে সাইবার হানা হয়। বিষয়টি চিহ্নিত করতে পারার পরই তড়িঘড়ি ব্যবস্থা নেয় সংস্থাটি। যদিও এই সাইবার হানার জেরে বিমান পরিষেবা ব্যাহত হয়েছে বলে সে দেশের সংবাদমাধ্যমগুলোর দাবি।

জাপানের সংবাদমাধ্যমগুলোর প্রতিবেদন অনুযায়ী, সাইবার হামলার পলে দেশীয় এবং আন্তর্জাতিক বিমান পরিষেবা ব্যাহত হয়েছে। টিকিট বুকিংয়ের ক্ষেত্রেও সমস্যায় পড়ছেন যাত্রীরা। তবে বিমান সংস্থাটি স্পষ্ট ভাবে জানায়নি কোনো বিমান বাতিল করা হয়েছে কি-না। তবে বিমান ওঠানামায় বেশ প্রভাব পড়েছে বলেও স্থানীয় সূত্রে খবর।

সাইবার হামলার জেরে জাপান এয়ারলাইন্সের অন্তর্দেশীয় বিমান পরিষেবায় সবচেয়ে বেশি প্রভাব পড়েছে। বিমান সংস্থাটি যাত্রীদের জানিয়েছে, সাইবার হামলার শিকার হয়েছেন তারা। পরিস্থিতি খতিয়ে দেখা হচ্ছে। এই ঘটনার জেরে অন্তর্দেশীয় এবং আন্তর্জাতিক বিমানের টিকিট বিক্রি বন্ধ রাখা হয়েছে। আর এই অসুবিধার জন্য যাত্রীদের কাছে ক্ষমাপ্রার্থনাও করেছে সংস্থাটি। আচমকা এই ঘটনার জেরে যাত্রীদের বেশ ভোগান্তির মুখে পড়তে হয়েছে।

# আফগানিস্তানে শুধু নারীদের জন্য ফটো স্টুডিও চালু



**আপনজন ডেস্ক:** শুধু নারীদের ছবি তোলা ও প্রিন্টের জন্য আফগানিস্তানের বাদাখশান প্রদেশে স্টুডিও চালু করেছেন এক দম্পতি। নারীরা যেন স্বাচ্ছন্দ্যে ছবি তুলতে পারেন এই চিন্তা থেকে স্টুডিওটির যাত্রা শুরু করেছেন তারা।

স্টুডিওটির ম্যানেজার বিসমিল্লাহ মোহাম্মাদি তোলো নিউজকে বৃহস্পতিবার বলেন, ‘এর আগে এই প্রদেশে শুধুমাত্র নারীদের জন্য কোনো স্টুডিও ছিল না। আমি এবং আমার স্ত্রী এরকম স্টুডিও খোলার সিদ্ধান্ত নেই। যেন নারীরা স্বস্তি নিয়ে ছবি তুলতে পারেন।’

বেশ কয়েকজন জানিয়েছেন, তারা এখানে অনেকটা স্বাচ্ছন্দ্যে ও আরাম করে ছবি তুলতে পারছেন। এছাড়া অন্যান্য কাগজপত্রও নিজেরা প্রিন্ট করে নিয়ে যেতে পারছেন।

আয়েশা নামের একজন বলেন, ‘আমরা এই স্টুডিও নিয়ে খুবই খুশি। এখানে খুব সহজে আমরা আমাদের ছবি প্রিন্ট করতে পারছি।’

মুনেরা নামের অপর একজন বলেন, ‘আগে, বাড়িতে আমি আমার মোবাইল দিয়ে ছবি তুলতাম, দোকান থেকে প্রিন্ট করে আনার জন্য সেটি আমার ভাইকে দিতাম। কিন্তু এই স্টুডিওটি চালুর পর নিজে সেখানে গিয়ে শান্তি নিয়ে ছবি প্রিন্ট করতে পারছি।’

নারীদের জন্য তৈরি এই স্টুডিওটি চালাচ্ছেনও নারীরা। বর্তমানে এখানে মোট চারজন কাজ করছেন।

# কাজাখস্তানে প্লেন দুর্ঘটনা, নেপথ্যে যে কারণ



**আপনজন ডেস্ক:** কাজখস্তানের আকতাউয়ে যাত্রীবাহী বিমান বিধ্বস্ত হয়ে ৩৮ জন নিহত হয়েছে। এ ঘটনায় ভাগ্যক্রমে বেঁচে যান ৩২ যাত্রী। তবে ধারণা করা হচ্ছে মৃতের সংখ্যা আরো বাড়তে পারে। কাজাখস্তান সরকার জানায়, কাসপিয়ান সাগরের পূর্ব উপকূলে যাত্রীবাহী বিমান ভেঙে পড়ার পর যে আগুন লেগেছিল, দমকলকর্মীরা তা নিয়ন্ত্রণে আনে। তার পর বিমানের মধ্যে থেকে যাত্রীদের উদ্ধার করা হয়। তিন জন শিশুও উদ্ধারের তালিকায় রয়েছে। তবে যে ৩২ জনকে বিমান দুর্ঘটনার পর উদ্ধার করা হয়েছে, তাদের সবার অবস্থাই অত্যন্ত সঙ্কটজনক।

প্রাথমিকভাবে কাজাখস্তানের সংবাদমাধ্যমগুলোর দাবি করে, বিমানটি সম্ভবত মাঝআকাশে পাখির সঙ্গে ধাক্কা মেরে নিয়ন্ত্রণ হারায়। নিয়ন্ত্রণ হারিয়ে জরুরি অবস্থায় অবতরণ করতে চেয়েছিলেন পাইলট। তবে তার আগেই ভয়াবহ দুর্ঘটনাটি ঘটে যায়। এর মধ্যেই প্রকাশ্যে এসেছে দুর্ঘটনার ঠিক আগের এবং পরের মুহূর্তের ভিডিও। এক যাত্রীই প্রায় দেড় মিনিটের এই ভিডিওটি রেকর্ড করেন। ভিডিওর দেখা যাচ্ছে, আতঙ্কিত যাত্রীরা বাঁচার জন্য প্রার্থনা করছেন। ঝাঁকুনির জেরে অনেকেই আসন থেকে পড়ে গিয়েছেন। রুশ সংবাদমাধ্যম ‘আরটি’র একটি ভিডিওতে দেখা যাচ্ছে, কয়েক জন যাত্রীর মাথা থেকে রক্ত ঝরছে। কেউ কেউ বিমান থেকে নামার জন্য চিৎকার করছেন, কেউ করছেন বাঁচার জন্য প্রার্থনা।

কেন বিমান বিধ্বস্ত হলো?

আজারবাইজানের রাজধানী বাকু থেকে রাশিয়ার চেচনিয়ার গ্রোজনি যাওয়ার পথে বিমানটি কাজাখস্তানের আকতাউ শহরের কাছে বিধ্বস্ত হয়। ঘন কুয়াশার কারণে দৃশ্যমানতা কম থাকায় বিমানটি বিধ্বস্তের আগে জরুরি অবতরণের চেষ্টা করছিল।

আজারবাইজান এয়ারলাইন্স জানায়, কাস্পিয়ান সাগরের পূর্ব তীরে আকতাউ শহর থেকে মাত্র তিন কিলোমিটার দূরে অবতরণের সময় দুর্ঘটনা ঘটে। প্রাথমিকভাবে বিমান দুর্ঘটনার কারণ হিসাবে পাখির কথা বলা হয়। পরে অবশ্য বিমান সংস্থাটি জানায়, তারা এই মুহূর্তে দুর্ঘটনার কারণ নিয়ে প্রকাশ্যে কিছু জানাবে না। ফ্লাইট রাডারে দেখা গেছে, বিমানটির যে পথে যাওয়ার কথা ছিল, এটি কাস্পিয়ান সাগর অতিক্রম করার সময় সে পথে না গিয়ে অন্য পথে গেছে। এছাড়া যে স্থানে বিমানটি বিধ্বস্ত হয়েছে সেখানে কয়েকবার চক্কর খায় এটি। এরপর মাটিতে আছড়ে পড়ে। এর সঙ্গে সঙ্গে বিমানটিতে আগুন ধরে যায়।

# জাপানে ভয়াবহ আগুনে পুড়ে ৩৪ কুকুরের মৃত্যু



**আপনজন ডেস্ক:** জাপানের উত্তরাঞ্চলীয় দ্বীপ হোক্কাইডোর একটি প্রজননকেন্দ্রে ভয়াবহ অগ্নিকাণ্ডে অন্তত ৩৪টি ছোট কুকুরের মৃত্যু হয়েছে।

বুধবার (২৫ ডিসেম্বর) দেশটির স্থানীয় সময় ভোরে এ ঘটনা ঘটে বলে কর্তৃপক্ষের বরাত দিয়ে এক প্রতিবেদনে জানিয়েছে বার্তা সংস্থা এএফপি।

চিটোসে শহরের ফায়ার স্টেশনের এক কর্মকর্তা জানান, মধ্যরাতের কিছু পর শুরু হওয়া আগুন নিয়ন্ত্রণে আনতে অগ্নিনির্বাপণকর্মীদের প্রায় চার ঘণ্টা লেগেছে। আগুনে বিভিন্ন জাতের ৩৪টি ছোট কুকুর প্রাণ হারিয়েছে। এছাড়া স্থানীয় গণমাধ্যম ও কর্মকর্তারা জানিয়েছেন, ওই কেন্দ্রে প্রায় ৭০ থেকে ৮০টি কুকুর রাখা হয়েছিল, যাদের মধ্যে ডাচসুন্ড ও পুডল জাতের কুকুরও ছিল।


আগুন লাগার কারণ সম্পর্কে এখনো নিশ্চিত হওয়া যায়নি। তবে কেন্দ্রটির মালিক তদন্তকারীদের জানিয়েছেন, মঙ্গলবার রাতে তিনি একটি চুলায় ‘কিছু কাঠ যোগ করেছিলেন’।

# মোজাম্বিকে কারাগারে দাঙ্গায় নিহত ৩৩



**আপনজন ডেস্ক:** মোজাম্বিকের রাজধানী মাপুতোর একটি কারাগারে দাঙ্গায় ৩৩ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন আরো ১৫ জন। দাঙ্গার সুযোগে কারাগারের দেয়াল ভেঙ্গে দেড় হাজারেরও বেশি কয়েদি পালিয়ে গেছেন। দেশটির পুলিশ জেনারেল কমান্ডার বার্নারদিনো রাফায়েল এ তথ্য নিশ্চিত করেছেন। বিতর্কিত নির্বাচনকে কেন্দ্র করে গত অক্টোবর থেকেই দেশটিতে অস্থিরতা বিরাজ করছে। সংবাদমাধ্যম বিবিসি জানিয়েছে, গত সোমবার ক্ষমতাসীন দল ফ্রেলিমোকে নির্বাচনে বিজয়ী ঘোষণা করা হয়। দীর্ঘদিন ধরেই মোজাম্বিকে ক্ষমতায় রয়েছে ফ্রেলিমো। তবে শীর্ষ আদালতের ওই ঘোষণার পর বিরোধী দল এবং তাদের সমর্থকরা দেশজুড়ে ব্যাপক বিক্ষোভ শুরু করে। এই নির্বাচনে কারচুপির অভিযোগ আনা হয়েছে। নির্বাচনের ফলাফলকে কেন্দ্র করে সহিংসতায় ২১ জনের নিহত হওয়ার খবর পাওয়া গেছে। নিহতদের মধ্যে দুজন পুলিশ কর্মকর্তাও রয়েছেন। আফ্রিকার দেশটিতে গত সোমবার থেকে মোট ২৩৬ দফা গুরুতর সহিংসতার খবর পাওয়া গেছে। এতে ১৩ জন পুলিশ কর্মকর্তাসহ অন্তত ২৫ জন আহত হয়েছেন। সাংবিধানিক কাউন্সিল ফ্রেলিমো পার্টিকে বিজয়ী নিশ্চিত করার পরই বিক্ষোভ শুরু হয়। বিক্ষোভকারী ও বিরোধী দলগুলো বলছে, গত ৯ অক্টোবরের ভোটে কারচুপি হয়েছে। বিরোধী দলগুলো এবং নির্বাচন পর্যবেক্ষকরা ভোটে কারচুপির অভিযোগ এনেছেন। তবে ফ্রেলিমো পার্টি সব ধরনের অভিযোগ অস্বীকার করেছে। শীর্ষ আদালত ক্ষমতাসীন পার্টির ড্যানিয়েল চ্যাপোকে প্রেসিডেন্ট হিসেবে বিজয়ী হওয়ার ঘোষণা দেওয়ার সাথে সাথেই বিরোধী প্রার্থী ভেনানসিও মন্ডলেনের সমর্থকরা সোমবার রাতে বিক্ষোভ শুরু করে। বিক্ষোভকারীদের বিরুদ্ধে পুলিশ স্টেশন, পেট্রোল স্টেশন, ব্যাঙ্ক এবং অন্যান্য স্থাপনায় হামলা ও ভাঙচুরের অভিযোগ উঠেছে। বিভিন্ন স্থানে টায়ারে আগুন ধরিয়ে দেওয়া হয়েছে এবং রাস্তা-ঘাট অবরোধ করা হয়েছে। জানা গেছে, দাঙ্গায় হতাহতের পরিচয় এখনো শনাক্ত করা সম্ভব হয়নি। দাঙ্গা পরিস্থিতি তৈরি হলে ১ হাজার ৫৩৪ জন কারাগার থেকে পালিয়ে যায়। তবে প্রায় ১৫০ জনকে আটক করে ফিরিয়ে আনা সম্ভব হয়েছে।

# ফিলিপাইনকে শান্তি বজায় রাখার আহ্বান জানিয়ে সতর্ক করলো চীন




**আপনজন ডেস্ক:** বিতর্কিত দক্ষিণ চীন সাগর অঞ্চলে ‘শান্তি’ বজায় রাখতে ফিলিপাইনকে আহ্বান জানিয়েছে চীন। বৃহস্পতিবার (২৬ ডিসেম্বর) দেশটিকে সতর্ক করে চীনা পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, সামরিক মহড়ায় যুক্তরাষ্ট্রের মাঝারি-পাল্লার ক্ষেপণাস্ত্র ব্যবস্থা মোতায়েন করার যে সিদ্ধান্ত ম্যানিলা নিয়েছে তা এই অঞ্চলে শুধু অস্ত্র প্রতিযোগিতার ঝুঁকিই বাড়াবে। টাইফুন নামের মাঝারি-পাল্লার মার্কিন ক্ষেপণাস্ত্র ব্যবস্থাটি ক্রুজ মিসাইল দিয়ে সজ্জিত করা যেতে পারে যেটি চীনা লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম। চলতি বছরের শুরুতে যৌথ মহড়ার জন্য এটি ফিলিপাইনে আনা হয়েছিল। মঙ্গলবার ফিলিপিনো প্রতিরক্ষামন্ত্রী গিলবার্তো তেওডোরো বলেছিলেন, যৌথ মহড়ার জন্য টাইফুনের মোতায়েন ‘বৈধ ওআইনি।’

এর আগে, সোমবার দেশটির সেনাপ্রধান রয় গ্যালিডো বলেন, ফিলিপাইনও নিজস্ব মধ্য-পাল্লার ক্ষেপণাস্ত্র ব্যবস্থা অর্জনের পরিকল্পনা করছে।

দক্ষিণ চীন সাগরে প্রতিদ্বন্দ্বিতামূলক দাবি নিয়ে সাম্প্রতিক বছরগুলোতে চীন ও ফিলিপাইনের মধ্যে বৈরিতা বেড়েছে। দীর্ঘদিনের চুক্তির মিত্র ম্যানিলা ও ওয়াশিংটন সামরিক সম্পর্ক আরো গভীর করেছে। এতে করে এই অঞ্চলের উত্তেজনা আরো বেড়েছে। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মাও নিং বলেছেন, ‘টাইফুন ব্যবহার করে যুক্তরাষ্ট্রের সঙ্গে সহযোগিতার মাধ্যমে ফিলিপাইন নিজস্ব নিরাপত্তা ও জাতীয় প্রতিরক্ষা অন্যদের হাতে সমর্পণ করেছে এবং ভূ-রাজনৈতিক সংঘর্ষের ঝুঁকি ও এই অঞ্চলে অস্ত্র প্রতিযোগিতার ঝুঁকি বাড়িয়েছে। আর তা আঞ্চলিক শান্তি ও নিরাপত্তার জন্য যথেষ্ট হুমকিস্বরূপ।’ নিয়মিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের মাও বলেন, ‘আমরা আবারও ফিলিপাইনকে পরামর্শ দিচ্ছি, দেশের নিরাপত্তা রক্ষার জন্য একমাত্র সঠিক পছন্দ হলো কৌশলগত স্বায়ত্তশাসন, প্রতিবেশির সঙ্গে সুসম্পর্ক এবং শান্তিপূর্ণ উন্নয়ন মেনে চলা।’ নিরাপত্তা স্বার্থ হুমকির মুখে পড়লে চীন কখনও চুপ করে বসে থাকবে না বলেও সতর্ক করেছেন পররাষ্ট্রমন্ত্রী।

## ছড়িয়ে-ছিটিয়ে

# সুয়েজ খাল থেকে ৭০০ কোটি ডলার রাজস্ব হারাল মিসর



**আপনজন ডেস্ক:** লোহিত সাগরে চলমান হুতি বিদ্রোহীদের হামলার কারণে মিসরীয় অর্থনীতিতে বড় ধাক্কা লেগেছে। দেশটির প্রেসিডেন্ট আবদেল ফাত্তাহ আল-সিসি জানিয়েছেন, চলতি বছরে সুয়েজ খাল থেকে দেশটি প্রায় ৭০০ কোটি ডলার আয় থেকে বঞ্চিত হয়েছে। এই অর্থনৈতিক ক্ষতি আঞ্চলিক সংকট এবং লোহিত সাগরের উত্তেজনার ফল বলে তিনি উল্লেখ করেছেন।

বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, ২০২৩ সালের তুলনায় চলতি বছরে সুয়েজ খালের আয় উল্লেখযোগ্যভাবে কমে গেছে। প্রেসিডেন্ট আল-সিসি বলেছেন, ২০২৪ সালে এ আয়ের পরিমাণ ৬০ শতাংশেরও বেশি কমেছে। তবে এই ক্ষতির বিস্তারিত কারণ সম্পর্কে তিনি কোনো মন্তব্য করেননি।

ইয়েমেনের হুতি বিদ্রোহীরা গত নভেম্বর থেকে লোহিত সাগরে চলাচলকারী বাণিজ্যিক জাহাজগুলোকে লক্ষ্য করে প্রায় ১০০টি হামলা চালিয়েছে। গাজার পরিস্থিতি এবং ফিলিস্তিনিদের প্রতি সংহতি প্রকাশের অংশ হিসেবে হুতিরা এই আক্রমণ চালাচ্ছে বলে মনে করা হচ্ছে।

সুয়েজ খাল, যা ভারত মহাসাগর ও লোহিত সাগরকে ভূমধ্যসাগরের সঙ্গে সংযুক্ত করে, আন্তর্জাতিক বাণিজ্যের একটি গুরুত্বপূর্ণ পথ। ইউরোপ এবং এশিয়ার মধ্যকার বাণিজ্য প্রায় পুরোপুরি এই জলপথের ওপর নির্ভরশীল। এই খাল থেকে মিসর যে রাজস্ব আয় করে, তা বৈদেশিক মুদ্রা অর্জনের অন্যতম প্রধান উৎস।

লোহিত সাগরে হুতিদের হামলার কারণে অনেক শিপিং কোম্পানি তাদের জাহাজ আফ্রিকার দক্ষিণ প্রান্ত ঘুরিয়ে আটলান্টিক মহাসাগরের পথ ধরে পাঠাতে বাধ্য হচ্ছে। এই দীর্ঘ রুটের কারণে পণ্য পরিবহনে সময় এবং খরচ দুটোই বাড়ছে। এর ফলে একদিকে পণ্যের দাম বাড়ছে, অন্যদিকে সরবরাহ ব্যবস্থায় দেরি হচ্ছে।

লোহিত সাগরের নিরাপত্তাহীনতা কেবল মিসরের রাজস্ব আয়কেই নয়, বরং বৈশ্বিক বাণিজ্য ব্যবস্থাকেও চ্যালেঞ্জের মুখে ফেলেছে। মিসরের অর্থনীতিতে সুয়েজ খালের ভূমিকা অপরিসীম, আর এই সংকট মোকাবিলায় আঞ্চলিক স্থিতিশীলতা পুনরুদ্ধারের প্রয়োজনীয়তা এখন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি।

## সেহেরী ও ইফতারের সময়

সেহেরী শেষ: ভোর ৪.৪৯মি.
ইফতার: সন্ধ্যা ৫.০৫মি.



## নামাজের সময় সূচি


| ওয়াক্ত | শুরু | শেষ |
|---|---|---|
| ফজর | ৪.৪৯ | ৬.১৫ |
| যোহর | ১১.৪৩ | |
| আসর | ৩.২৫ | |
| মাগরিব | ৫.০৫ | |
| এশা | ৬.১৯ | |
| তাহাজ্জুদ | ১০.৫৭ | |

# ফের ক্যান্সারে আক্রান্ত বাশারের স্ত্রী



**আপনজন ডেস্ক:** ক্ষমতাচ্যুত সিরিয়ার প্রেসিডেন্ট বাশার আল-আসাদের স্ত্রী আসমা আল-আসাদের শরীরে আবারো রক্তের ক্যান্সার (লিউকেমিয়া) ফিরে এসেছে। এই পরিস্থিতিতে তার বেঁচে থাকার সম্ভাবনা ৫০ শতাংশ। খবরে বলা হয়েছে, ২০১৯ সালে তিনি স্তনক্যান্সারে আক্রান্ত হন। এক বছর চিকিৎসা শেষে তিনি সুস্থ হয়ে ওঠেন। কিন্তু চলতি বছরের মে মাসে তার রক্তে আবার ক্যান্সার ধরা পড়ে। এতে তার বেঁচে থাকার সম্ভাবনা ৫০/৫০ বলে জানিয়েছেন চিকিৎসকরা।

# ওমরাহ পালনকারীদের জন্য নতুন ঘোষণা সৌদির



**আপনজন ডেস্ক:** সারাবিশ্বের কোটি কোটি ধর্মপ্রাণ মুসলমানের জন্য ওমরাহ পালনকে আরো সহজ করার পদক্ষেপ নিয়েছে সৌদি আরব। মক্কার কর্তৃপক্ষ ওমরাহ পালনকারীদের জন্য বিনামূল্যে লাগেজ সংরক্ষণের ঘোষণা দিয়েছে। বুধবার গ্র্যান্ড মসজিদ ও মসজিদে নববী কর্তৃপক্ষ জানিয়েছে, গ্র্যান্ড মসজিদের পূর্ব দিকে মক্কা লাইব্রেরির কাছে এবং পশ্চিম দিকে গেট ৬৪-এর কাছে বিনামূল্যে লাগেজ সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

সর্বোচ্চ ৭ কেজি ওজনের ব্যাগ (বিচ্ছিন্ন জিনিস নয়) সংরক্ষণ করতে পারবেন ওমরাহ পালনকারীরা। সংরক্ষণাগারে ব্যাগ সর্বোচ্চ চার ঘণ্টা রাখা যাবে। সংরক্ষণাগারে রাখা ব্যাগে মূল্যবান জিনিসপত্র, নিষিদ্ধ পণ্য, খাবার ও ওষুধ সংরক্ষণ করা যাবে না। ব্যাগ ফেরত নেয়ার জন্য একটি ক্লেইম টিকিট দেওয়া হবে।

সৌদি আরব সরকার অনুমোদিত ডিজিটাল হজ সেবা গেটওয়ে নুসুক অ্যাপের মাধ্যমে পারমিট দেখিয়ে এই সুবিধা গ্রহণ করতে পারবেন ওমরাহ পালনকারীরা।

মক্কার পবিত্র দুই মসজিদে প্রবেশ করতে হলে নুসুক অ্যাপের মাধ্যমে ওমরাহ পালনের অনুমতি গ্রহণ বাধ্যতামূলক। সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়, সৌদি আরব কর্তৃপক্ষ আগামীতে গ্র্যান্ড মসজিদের চারপাশের সব এলাকায় ব্যাগ রাখার ব্যবস্থা করার পরিকল্পনা করছে, যেন ওমরাহ পালনকারীদের আরো ভালোভাবে সহায়তা করা যায়।

# কাজাখস্তানে উড়োজাহাজ দুর্ঘটনা: আজারবাইজানে রাষ্ট্রীয় শোক পালিত



**আপনজন ডেস্ক:** কাজাখস্তানের আকতাউ শহরের কাছে একটি যাত্রীবাহী উড়োজাহাজ বিধ্বস্ত হয়ে ৩৮ জন নিহত হওয়ার ঘটনায় বৃহস্পতিবার রাষ্ট্রীয় শোক পালন করেছে আজারবাইজান। দুর্ঘটনার শিকার উড়োজাহাজটি আজারবাইজান এয়ারলাইনসের ছিল এবং এটি রাজধানী বাকু থেকে রাশিয়ার দক্ষিণাঞ্চলের একটি শহরে যাচ্ছিল।

বিধ্বস্ত উড়োজাহাজটিতে যাত্রী ও ক্রু মিলিয়ে মোট ৬৭ জন আরোহী ছিলেন। দেশটির জরুরি সেবা মন্ত্রণালয় জানিয়েছে, দুর্ঘটনার পর ২৯ জন যাত্রীকে জীবিত উদ্ধার করা হয়েছে, যাদের মধ্যে তিনজন শিশু রয়েছে। আহতদের দ্রুত হাসপাতালে ভর্তি করা হয়েছে। তবে এখন পর্যন্ত ৩৮ জনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন কাজাখস্তানের উপপ্রধানমন্ত্রী কানাত বজুমবায়েভ।

দুর্ঘটনায় প্রাণহানির ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন আজারবাইজানের প্রেসিডেন্ট ইলহাম আলিয়েভ। তিনি এই মর্মান্তিক ঘটনায় গতকাল রাষ্ট্রীয় শোক ঘোষণা করেন এবং তার রাশিয়ায় পূর্বনির্ধারিত সফরও বাতিল করেছেন। প্রেসিডেন্ট আলিয়েভের দপ্তর থেকে জানানো হয়েছে, এই দুর্ঘটনার কারণ অনুসন্ধানের জন্য তিনি জরুরি পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন।



আপনজন

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

১৯ বর্ষ, ৩৫০ সংখ্যা, ১১ পৌষ ১৪৩১, ২৪ জমাদিউস সানি, ১৪৪৬ হিজরি

## কতিপয় ভবিষ্যদ্বাণী

নূতন বত্সরকে তুলনা করা যায় একটি খালি ডায়ারির সঙ্গে, যেইখানে কলম থাকে ব্যক্তির হাতে; ব্যক্তি নিজের ইচ্ছেমতো গল্প লিখিতে পারেন ডায়ারির পাতায় পাতায়। দেখিবার বিষয়, কী গল্প লিখা হইতেছে–সুন্দর ও কল্যাণের গল্প, নাকি ধ্বংসের আখ্যান। সদ্য যাত্রা করা ২০২৪ সালে বিশ্ব ডায়ারির পাতা জুড়িয়া ভালো কিছু লিখা হইবে কি না, তাহা লইয়া আশঙ্কা হইতেছে। পরিস্থিতি বলিতেছে, বত্সরটি সুখকর হইবে না! বরং অগ্নিগর্ভ হইয়া উঠিতে পারে বৈশ্বিক অঙ্গন। ২০২২ সালে ইউক্রেন যুদ্ধের মধ্য দিয়া যেই উত্তপ্ত পৃথিবীর পথে আমাদের যাত্রা শুরু হয়, ২০২৩ সালের পর চলতি ২০২৪ সালেও তাহা যে আমাদের জ্বালাইয়া মারিবে, নূতন বত্সরের এই কয়টি দিনেই তাহার আলামত স্পষ্ট হইয়া উঠিয়াছে। ২০২৩ সালের একবারে শেষ দিকে রাশিয়ার একটি শহরে ইউক্রেনের বিমান হামলায় অন্তত ২০ জন নিহত এবং শতাধিক মানুষ আহত হওয়ার ঘটনা ঘটে। ইহার জবাবে ইউক্রেনে বড় ধরনের হামলা চালায় রাশিয়া, যাহাতে বহু হতাহত হয়। ইহার পরের দিনগুলিতে তথা ২০২৪ সালের একেবারে প্রথম দিন হইতে বিশ্বব্যাপী রক্তপাত বাড়িয়া চলিয়াছে। লোহিতসাগরে মার্কিন হামলায় নিহত হইয়াছে ১০ হুতি যোদ্ধা। লাগাতার প্রাণ ঝরিতেছে গাজাযুদ্ধে। সর্বশেষ ঘটনাটি আরো বিধ্বংসী। ইরানের বিপ্লবী গার্ড কর্পসের (আইআরজিসি) বিশেষ শাখা কুদস বাহিনীর সাবেক প্রধান জেনারেল কাসেম সোলাইমানির মৃত্যুবার্ষিকীর অনুষ্ঠানে পরপর দুইটি বিস্ফোরণে নিহত হইয়াছে শতাধিক মানুষ। আহত অন্তত দেড় শত জন। নূতন বত্সরের শুরুতে এই ধরনের বৃহত্ হামলা বিশ্বের জন্য বড় ধরনের অংশনিসংকেত নিঃসন্দেহে।

২০২৪ সাল জুড়িয়াই গাজায় যুদ্ধ অব্যাহত থাকিবে বলিয়া হুংকার দিয়া রাখিয়াছেন ইসরাইলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। তাহার প্রতিরক্ষা মন্ত্রণালয়ও দিয়াছে একই ঘোষণা। ইরানের উপরও সরাসরি হামলা চালাইবার হুঁশিয়ারি আসিয়াছে ইসরাইল হইতে। গত ৭ অক্টোবর ইসরাইলে হামাসের হামলা এবং ইহার পর গাজায় তেল আবিবের সর্বাত্মক ‘অপারেশন’ মধ্যপ্রাচ্যসহ গোটা বিশ্বের জন্য ধ্বংসের বার্তা বহিয়া আনিয়াছে। করোনা মহামারির পর ইউক্রেন যুদ্ধ এবং ইহার পর ইসরাইল-হামাস সংঘাতের মধ্য দিয়া বিশ্ব প্রবেশ করিয়াছে এক অন্ধকার কানাগলিতে। ঘটনা এইখানেই থামিয়া নাই। নূতন নূতন ঘটনা ও ইস্যু ক্রমশ আষ্টেপৃষ্ঠে ঘিরিয়ে ধরিতেছে বিশ্বকে। ভবিষ্যৎ লইয়া নিশ্চিত করিয়া বলিতে পারা কঠিন কিংবা অসম্ভব বটে, কিন্তু ভবিষ্যদ্বাণী সকল ক্ষেত্রে অমূলক নহে। যেমন, ষোড়শ শতকের ফরাসি জ্যোতিষী নস্ত্রাদামুসকে সর্বকালের সেরা বলিয়া মান্য করা হয়। দাবি করা হয়, নস্ত্রাদামুসের মৃত্যুর কয়েক শত বছর পরও তাহার অনেক ভবিতব্য ফলিয়া গিয়াছে অক্ষরে অক্ষরে। হিটলারের উত্থান, দ্বিতীয় বিশ্বযুদ্ধ, ব্রিটিশ রানি এলিজাবেথের মৃত্যুর সঠিক তারিখ, রাজা চার্লসের স্থলাভিষিক্ত হওয়ার ইঙ্গিতের ন্যায় ঘটনা রহিয়াছে তাহার ভবিষ্যদ্বাণীর মধ্যে। নস্ত্রাদামুসের ভবিষ্যদ্বাণী অনুযায়ী, ২০২৪ সালে বড় ধরনের সংকটের মুখে পড়িবে বিশ্ব। এই বত্সর অবতারণা ঘটিতে পারে বৃহৎ নৌযুদ্ধের!

আশঙ্কার বিষয় হইল, নস্ত্রাদামুসের ভবিষ্যদ্বাণীর বাস্তব চিত্র ইতিমধ্যে স্পষ্ট হইয়া উঠিয়াছে। আমরা দেখিতেছি, ক্রমেই উত্তপ্ত হইয়া উঠিতেছে সমুদ্র। বিগত সপ্তাহগুলিতে, বিশেষত লোহিতসাগরে একের পর এক ব্যাবসায়িক জাহাজ লক্ষ্যবস্তুতে পরিণত হইতেছে। ঝামেলা চলিতেছে দক্ষিণ চীন সাগরে। এই সাগরের নিয়ন্ত্রণ কাহার হাতে থাকিবে, তাহা লইয়া ফিলিপাইনের সঙ্গে চীনের বিরোধ বাড়িতেছে ক্রমবর্ধনভাবে। অনুমান করা যায়, সামুদ্রিক নিয়ন্ত্রণের ক্ষেত্রে এই অঞ্চলে একটি অনিবার্য সংঘাত বাধিতে পারে।

২০২৩ সাল বিশ্বকে বেশ ভোগাইয়াছে। যুদ্ধবিগ্রহের শিকারে পরিণত হইয়া বৈশ্বিক অর্থনীতির অবস্থা অতিশয় নাজুক হইয়া পড়ে বত্সরটিতে। এই বত্সরেও বিশ্বের বিভিন্ন প্রান্তে যুদ্ধ বা যুদ্ধাবস্থা চলিতেছে। বাড়িতেছে ভূরাজনৈতিক উত্তেজনা। আরো উদ্বেগের বিষয়, এই বত্সর হইল ‘নির্বাচনের বত্সর’–অধিকাংশ দেশে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হইবে ২০২৪ সালে। ফলে সংঘাত-সংঘর্ষের আশঙ্কা থাকিতেছেই। অর্থাৎ, আগামী দিনগুলিতে উন্নয়নশীল বিশ্বের অবস্থা যে আরো শোচনীয় হইয়া পড়িবে, তাহা সহজেই অনুমেয়। শান্তিকামী দেশগুলি যুদ্ধ না করিয়াও যাহাতে যুদ্ধের মধ্যে পড়িয়া না যায়, ইহাই আমাদের কামনা।

# সেই সুনামির ২০ বছর: কোলের শিশুকে হারানোর দুঃস্বপ্ন এখনো তাড়িয়ে বেড়ায় সিলভিয়াকে

২০০৪ সালের ২৬ ডিসেম্বর। সকাল আটটার কিছুক্ষণ আগে ইন্দোনেশিয়ার উত্তর সুমাত্রার আচেহ প্রদেশের পশ্চিম উপকূলে ৯ দশমিক ২ থেকে ৯ দশমিক ৩ মাত্রার একটি ভূমিকম্প আঘাত হানে। ভারত মহাসাগরে উৎপন্ন এ ভূমিকম্পের কারণে মানব ইতিহাসের ভয়াবহতম সুনামির সৃষ্টি হয়। ১৪টি দেশে প্রায় ২ লাখ ২৭ হাজার ৮৯৮ জন মানুষ প্রাণ হারান বা নিখোঁজ হন। ইন্দোনেশিয়ার পর সবচেয়ে বেশি প্রাণহানি ও ক্ষয়ক্ষতি হয়েছিল যথাক্রমে শ্রীলঙ্কা ও থাইল্যান্ডে। বিশ্লেষণ **আল জাজিরা-র..**



কাট সিলভিয়ার দুই বছর বয়সী মেয়ের চোখের দিকে শেষবার তাকানোর ব্যথাতুর স্মৃতি এখনো দগদগে হয়ে আছে। ২০ বছর আগে আজকের দিনটি উত্তর সুমাত্রার বান্দা আচেহ শহরে অন্য দশটি দিনের মতোই শুরু হয়েছিল। কিন্তু সিলভিয়া আচমকা দেখলেন, তাঁদের বাসার সামনে দিয়ে মানুষ দৌড়ে পালাচ্ছে। দৌড়াতে দৌড়াতে তারা বলছে, পানি আসছে, পানি...।

শিশুকন্যা সিথিকে বুকে জড়িয়ে কী করবেন, তা ভেবে ওঠার আগেই কাট সিলভিয়াদের বাসায় সাগরের ঢেউ আছড়ে পড়তে শুরু করে। কয়েক মিনিটের মধ্যে এসব হয়ে গেল। এতে তিনি হতভম্ব হয়ে যান।

সিলভিয়া আল-জাজিরাকে বলেন, ‘তার (সিথি) চোখের দিকে তাকানো এবং আমার চোখের দিকে তার তাকানোর সেই মুহূর্ত আমি বর্ণনা করতে পারব না। আমরা একে অপরের দিকে বিমূঢ় হয়ে তাকিয়ে ছিলাম।’

‘এমনকি সে কান্না পর্যন্ত করতে পারছিল না, কোনো শব্দও করতে পারছিল না। সে কেবল ফ্যালফ্যাল করে আমার দিকে তাকিয়ে ছিল। আমি জেনে গিয়েছিলাম যে আমরা আলাদা হয়ে যাচ্ছি’, বলছিলেন সিলভিয়া।

সুনামি সিথিকে ভাসিয়ে নিয়ে যায়। সিলভিয়া দৌড়াচ্ছিলেন। তাঁর মনে হচ্ছিল, তিনি ‘ওয়াশিং মেশিনের’ মধ্য দিয়ে দৌড়াচ্ছেন। এভাবে প্রায় ১৫ মিনিট দৌড়ানোর পর তিনি একটি বাসার ছাদে উঠতে সক্ষম হন। এরপর তিনি ধীরে ধীরে উপলব্ধি করতে শুরু করেন, কী বিশাল ধ্বংসযজ্ঞই না হয়ে গেল।

সিলভিয়া বলেন, ‘আমার খুব, খুব বেশি মন খারাপ হয়ে যায়। আমার মেয়ে নেই, তা ভাবতেই কী রকম মন খারাপ হয়েছিল, সেই অনুভূতি আমি ভাষায় প্রকাশ করতে পারব না।’

সিলভিয়ার স্বামী বুদি পারমানাও সুনামির তোড়ে ভেসে গিয়েছিলেন। ভেসে যেতে যেতে তিনি একটি নারকেলগাছের চূড়ায় আটকে গিয়েছিলেন। পরবর্তী সময়ে পরিবারের সদস্যদের খুঁজতে গিয়ে ক্লান্ত-বিধ্বস্ত হয়ে তিনি হাঁটাচলার ক্ষমতা হারিয়ে ফেলেন। বিধ্বস্ত অবস্থায় তাঁকে রেডক্রসের সদস্যরা খুঁজে পেয়েছিলেন। শুরুতে তাঁরা তাঁকে মৃত ভেবেছিলেন।

‘সবকিছু ধ্বংস হয়ে গিয়েছিল’

২০০৪ সালের ২৬ ডিসেম্বর। সকাল আটটার কিছুক্ষণ আগে ইন্দোনেশিয়ার উত্তর সুমাত্রার আচেহ প্রদেশের পশ্চিম উপকূলে ৯ দশমিক ২ থেকে ৯ দশমিক ৩ মাত্রার একটি ভূমিকম্প আঘাত হানে। ভারত মহাসাগরে উৎপন্ন এ ভূমিকম্পের কারণে মানব ইতিহাসের ভয়াবহতম সুনামির সৃষ্টি হয়। ১৪টি দেশে প্রায় ২ লাখ ২৭ হাজার ৮৯৮ জন মানুষ প্রাণ হারান বা নিখোঁজ হন।

সিলভিয়া ও বুদি এক সপ্তাহ পরে মেদান শহরে পরস্পরের দেখা পান। এ শহরটি তাঁদের নিজেদের শহর বান্দা আচেহ থেকে প্রায় ৬০০ কিলোমিটার দূরে অবস্থিত। এর পর থেকে এখন পর্যন্ত সিথির কোনো হদিস পাওয়া যায়নি।

নিজেদের ছোট মেয়ের ভাগ্যে কী ঘটেছিল, তা জানতে না পারার শোক এই দম্পতিকে এখনো তাড়িয়ে বেড়ায়। ২০ বছর আগে ভারত মহাসাগরের এই সুনামি ছিল মানব ইতিহাসে সবচেয়ে বেশি প্রাণঘাতী ও সবচেয়ে ধ্বংসাত্মক। আশার কথা হলো, ইন্দোনেশিয়ায় ২০০৪ সালে পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়া একটি মেয়ে ১০ বছর পর ২০১৪ সালে পরিবারকে খুঁজে পেয়েছে। সুনামির সময় তার বয়স ছিল চার বছর।

এই ঘটনা থেকে এখনো আশায় বুক বেঁধে আছেন সিলভিয়া ও বুদি। তাঁদের আশা, কোনো একদিন তাঁরাও তাঁদের দুই বছর বয়সে সুনামিতে নিখোঁজ সিথির দেখা পাবেন।

‘সবকিছু ধ্বংস হয়ে গিয়েছিল’

২০০৪ সালের ২৬ ডিসেম্বর। সকাল আটটার কিছুক্ষণ আগে ইন্দোনেশিয়ার উত্তর সুমাত্রার আচেহ প্রদেশের পশ্চিম উপকূলে ৯ দশমিক ২ থেকে ৯ দশমিক ৩ মাত্রার একটি ভূমিকম্প আঘাত হানে। ভারত মহাসাগরে উৎপন্ন এ ভূমিকম্পের কারণে মানব ইতিহাসের ভয়াবহতম সুনামির সৃষ্টি হয়। ১৪টি দেশে প্রায় ২ লাখ ২৭ হাজার ৮৯৮ জন মানুষ প্রাণ হারান বা নিখোঁজ হন।

ইন্দোনেশিয়ার পর সবচেয়ে বেশি প্রাণহানি ও ক্ষয়ক্ষতি হয়েছিল যথাক্রমে শ্রীলঙ্কা ও থাইল্যান্ডে। ভূমিকম্পের উৎপত্তিস্থল থেকে সবচেয়ে বেশি দূরের দেশ হিসেবে দক্ষিণ আফ্রিকার শহর পোর্ট এলিজাবেথেও প্রাণহানি হয়েছিল। শুধু ইন্দোনেশিয়াতে মারা গিয়েছিলেন ১ লাখ ৩১ হাজার মানুষ।

২০ বছর আগে সুনামি নিয়ে আজকের মতো এতটা গবেষণা, সাগর প্রতিরক্ষা ও পূর্বাভাসের প্রযুক্তি ছিল না। কিন্তু গত দুই দশকে এসব খাতে বিপুল উন্নতি হয়েছে। তাই বলে সুনামি নিয়ে আত্মতুষ্টিতে ভোগার সুযোগ নেই বলে মনে করেন বিশেষজ্ঞরা। কারণ, ২০০৪ সালের মতো ভয়াবহ সুনামি যেকোনো সময় আবার আঘাত হানতে পারে।

লন্ডন সাউথ ব্যাংক ইউনিভার্সিটির শিক্ষক ডেভিড ম্যাকগভর্ন বলেন, সুনামি অতি বিপর্যয়কর কিছু নয়, এটি একটি ভুল ধারণা। প্রকৃতপক্ষে এটি একটি সাধারণ বিপর্যয়, যা যেকোনো সময় ঘটতে পারে। উদাহরণ হিসেবে ম্যাকগভর্ন ওই ভয়াবহ সুনামির সাত বছরের মাথায় ২০১১ সালে জাপানে আঘাত হানা ভয়াবহ সুনামির কথা উল্লেখ করেন। বিশ্বে এখন পর্যন্ত নথিভুক্ত হওয়া চতুর্থ শক্তিশালী ভূমিকম্পের পর এই সুনামি আঘাত হেনেছিল।

আল-জাজিরাকে এই বিশেষজ্ঞ বলেন, বছরে বিশ্বে গড়ে দুটি সুনামি হয়, যাতে প্রাণহানি ও ক্ষয়ক্ষতি হয়ে থাকে।

ভারত মহাসাগরের সুনামির ২০ বছর পূর্তি উপলক্ষে গত ৬ ডিসেম্বর লন্ডনে একটি সিম্পোজিয়ামের আয়োজন করা হয়। সুনামি নিয়ে আত্মতুষ্টিতে ভোগার বিষয়টি ছিল এ সিম্পোজিয়ামের অন্যতম আলোচ্য বিষয়।

সিম্পোজিয়ামে বিশেষজ্ঞরা বলেন, সুনামি নিয়ে বোঝাপড়া বাড়ানোর কাজ অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে গবেষণায় বাজেট বাড়াতে হবে। গবেষণার নিত্যনতুন বার্তা সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে দিতে হবে।

# জঙ্গলমহল সাহিত্য উৎসবের নামকরণ নিয়ে বিতর্ক অর্থহীন



তন্ময় সিংহ

বাঙালি কাঁকড়ার জাত, সবেতেই অহেতুক বিতর্ক তৈরি করা এবং টেনে নামিয়ে আনতে পারলেই আত্মতৃপ্তি। বাঙালি যে আসলে আত্মঘাতী, এই স্বতঃসিদ্ধ বাঙালি সমাজ সানন্দে গ্রহণ করেছে তার প্রমাণ আবার একবার পেলাম, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির দ্বিতীয় জঙ্গলমহল উৎসব শেষ হওয়ার সাথে সাথেই জঙ্গলমহল বলতে কি মূলত জংলি দের উৎসব কিংবা এখানকার সাহিত্যিকদের সত্যিই কি একটা অন্য ব্র্যাকেটের মধ্যে আবদ্ধ করে দেয়া হলো জঙ্গলমহল নাম দিয়ে সেই নিয়ে সৃষ্ট সামাজিক মাধ্যমে বিভিন্ন বিতর্কে।

জঙ্গলমহল সাহিত্য উৎসব, প্রান্তিক প্রতিভার বিকাশে অভিনব কার্যক্রম ছিল পশ্চিমবঙ্গ বাংলা একাডেমির উদ্যোগে ও রাজ্য তথ্য সংস্কৃতি দপ্তরের সহায়তায়। ঝাড়গ্রাম জেলা তথ্য সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায় ঝাড়গ্রাম রাজ কলেজে হয়ে গেল জঙ্গলমহল সাহিত্য উৎসব। প্রায় ৪০০ জন কবি সাহিত্যিক গল্পকার অংশগ্রহণ করেছিলেন এই সাহিত্য উৎসবে। মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী ব্রাত্য বসুর সাথে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত হয়েছিলেন পশ্চিমবঙ্গের এই মুহূর্তে দিকপাল সাহিত্যিকেরা। কবি শ্রীজাত ,প্রচেত গুপ্ত থেকে আরম্ভ করে অন্যান্য অনেক গুণীজনেরা। তবু শিক্ষা মন্ত্রী তথা এই সময়ের অন্যতম বলিষ্ঠ লেখক যার বিশেষ নাম করলেন এই অনুষ্ঠানে তিনি কিন্তু এই জঙ্গলমহলের লেখক ও কবি নির্মাল্য মুখোপাধ্যায়। কোন আঞ্চলিক সীমারেখা তাকে আটকে রাখতে পারেনি সার্বিক পরিচিতি থেকে।

অনেকে বলছেন ইংরেজ আমলে থাকা জেলা জঙ্গলমহাল, যা ১৭৮ বছর আগে অবলুপ্ত হয়েছিল তাকে পুনরায় ফিরিয়ে এনে আসলে আমরা ইংরেজ দাসত্বকে ফিরিয়ে আনতে চাইছি। ইতিহাস তথ্য নির্ভর সেখানে আমরা ভুলে গেছি ১৯৫৩ খ্রিস্টাব্দেও মেদিনীপুর জমিদারি লিমিটেডের জঙ্গলমহাল কর্নশানের তরফে জমির রেজিস্ট্রির রশিদ কাটা হত। ২০১১ খ্রিস্টাব্দে আবার এই অংশে মাওবাদী আন্দোলনের পর উন্নয়নের লক্ষ্যে চারটি জেলার তেইশ টি ব্লককে নিয়ে জঙ্গলমহল অংশ গঠিত হয়েছিল এবং যাতে পরবর্তীতে বীরভূমের কিছু অংশকেও যোগ করা হয়। এই অরণ্য আর জঙ্গলের মধ্যে অর্থগত ফারাক কেউ কাজে লাগিয়ে জল ঘোলা করছে একাংশ। আবার অনেকে জঙ্গলের মধ্যে খুঁজে পাচ্ছেন জঙ্গল রাজ কে। সব মিলিয়ে বহু ভাষা আর বহু মত নিয়ে বিতর্ক তুঙ্গে।

আবার অনেকে এখানে প্রচলিত বিভিন্ন প্রাচীন ভাষায় স্রোত কে টেনে এনেছেন। আসলে এই ধরনের প্রাচীন ভাষাগুলো অধিকাংশ ক্ষেত্রেই স্রোত হারিয়ে বদ্ধ হয়ে গিয়েছিল এবং যুগের সাথে তাল মেলাতে গিয়ে তার সাংস্কৃতিক পরিমার্জন ঘটিয়ে যুগের সাথে তাল মিলিয়ে এগিয়ে চলছিল। ২০১১ পরবর্তীতে মমতা ব্যানার্জির নেতৃত্বাধীন পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন মাতৃভাষা ও আঞ্চলিক ভাষার বিকাশে বিভিন্ন বোর্ড গঠন করে ও আর্থিক বরাদ্দ করে ভাষা ও সাংস্কৃতিক চর্চা নতুন করে ফিরিয়ে এনেছেন। বর্তমান শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু সম্ভবত সেই স্রোতকেই এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আঞ্চলিক সাহিত্যিকদের আলাদা প্ল্যাটফর্ম, মঞ্চ ও মর্যাদা দেয়ার কথা উপলব্ধি করেন। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি ও তথ্য সংস্কৃতি দপ্তরের প্রচেষ্টায় শুরু হয় জঙ্গলমহল সাহিত্য উৎসবের। তবে সমস্ত সমালোচনার মধ্যে যে আলোচনা প্রাসঙ্গিক তা হলো জঙ্গল মহল নামকরণ হলেও সাহিত্যের কোন সীমারেখা হয় না,সমস্ত পশ্চিমবঙ্গ তথা পৃথিবীর যে কোন প্রান্ত থেকেই বাংলা ভাষায় লিখিত সমস্ত সাহিত্যই বাংলা ভাষার সাহিত্য। প্রতিভা থাকলেও যে সীমারেখা বাধা নয়, তার প্রকৃষ্ট উদাহরণ জঙ্গলমহল থেকে মহাত্মা গান্ধীকে নিয়ে লেখা নির্মাল্য মুখোপাধ্যায়ের উপন্যাস স্থান পায় মিশরের আলেকজান্দ্রিয়া গ্রন্থাগারে। রাজ্য সরকারের আয়োজিত উৎসব আসলে একটি প্ল্যাটফর্ম ,তাই নামকরণ যাই হোক না কেন, সেই নামের মধ্য দিয়ে প্রতিভাকে এবং সাহিত্যকে আটকে দেওয়ার কোন প্রচেষ্টা এই ধরনের উৎসবের উদ্দেশ্য নয় বরং প্রায় পাঁচশ কবি ও সাহিত্যিক পাঁচটি জেলার একটি মঞ্চ ও স্বীকৃতি। তাই ২০২৩ সাল থেকে শুরু হয় এই উৎসব ২০২৪ শে পৌঁছে বিতর্কের কেন্দ্রে উঠে আসা হয়তো এই আয়োজনের সাফল্যের পরিচায়ক।

# ট্রাম্পের পররাষ্ট্রনীতি যেমন হতে পারে

জোসেফ এস নাই

ভবিষ্যদ্বাণী করা সব সময়ই কঠিন। আর ডোনাল্ড ট্রাম্পের ক্ষেত্রে তা আরও কঠিন। কারণ, তিনি এলোমেলো কথা বলেন। তিনি বারবার অবস্থান বদল করেন। আর মনে করেন, খামখেয়ালিপনা আচরণ করা দর-কষাকষির জন্য ভালো কৌশল। তবে তাঁর নির্বাচনী প্রচারণার বক্তব্য, তাঁর নিয়োগ করা ব্যক্তিদের পরিচয় আর প্রথম মেয়াদের কর্মকাণ্ড দেখে কিছুটা ধারণা করা যায়।

চীন প্রসঙ্গে ট্রাম্পের দৃষ্টিভঙ্গি কেমন হবে, তা নিয়ে যদি আলোচনা করি, তাহলে কী দেখব? আমরা দেখতে পাচ্ছি, ট্রাম্পের সরকারের পররাষ্ট্রমন্ত্রী হিসেবে মার্কো রুবিও এবং জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হিসেবে মাইকেল ওয়াল্টজকে বেছে নেওয়া হয়েছে। তাঁরা দুজনেই চীনকে বড় হুমকি মনে করেন এবং দুজনেই চীনের বিরুদ্ধে শক্ত অবস্থান নেওয়ার পক্ষপাতী। ট্রাম্প নিজেও প্রচারে বলেছেন, তিনি মিত্রদের থেকে আমদানিতে নতুন শুল্ক আরোপ করবেন, আর চীনের পণ্যের ওপর আরও বেশি শুল্ক বসাবেন।

ট্রাম্পের বক্তব্য থেকে বোঝা যায়, তিনি মার্কিন পররাষ্ট্রনীতির পুরোনো ধারা অনুসরণ করতে চান। প্রথম উদ্বোধনী ভাষণে তিনি বলেছিলেন, ‘এখন থেকে আমেরিকার স্বার্থ থাকবে সবার আগে আমরা কাউকে আমাদের মতো হতে বাধ্য করব না; বরং আমাদের জীবনধারাকে সবার জন্য একটি উদাহরণ হিসেবে প্রদর্শন করব।’ এই দৃষ্টিভঙ্গি অন্যদের থেকে বিচ্ছিন্ন হওয়ার বার্তা দেয় না; তবে এটি পারস্পরিক সম্পর্ক বাড়ানোর নীতির দিকেও যায় না।

ইতিমধ্যে ট্রাম্প মেক্সিকো, কানাডা আর চীন থেকে আমদানির ওপর শুল্ক আরোপের কথা ঘোষণা করেছেন। তাই কিছু শুল্ক বাড়বে, সেটি নিশ্চিত। তবে শুল্কের হার কী পরিমাণ বাড়বে, কত দিন সেই শুল্ক বহাল থাকবে, কী কী পণ্যে সেই শুল্ক প্রভাব ফেলবে, তা এখনো পরিষ্কার নয়।

এর পেছনে দেশীয় রাজনীতি আর ট্রাম্পের ইচ্ছা কাজ করবে। তাঁর মনোনীত অর্থমন্ত্রী স্কট বেসেন্ট বলেন, ‘অনেক ক্ষেত্রেই ট্রাম্প উত্তেজনা তৈরি করে, তা কমানোর কৌশল নেন। আমার লক্ষ্য হবে তাঁর প্রশাসনের হয়ে আন্তর্জাতিক বাণিজ্য রক্ষা করা।’ মার্কিন বাণিজ্য অংশীদারেরা যদি পাল্টা শুল্ক আরোপ করে, ট্রাম্প তখন কী করবেন, তা স্পষ্ট নয়। যদি এই পাল্টাপাল্টি বাণিজ্যযুদ্ধ শুল্ক আর




পণ্যের দাম বাড়িয়ে দেয়, তাহলে আমেরিকায় মুদ্রাস্ফীতি দেখা দিতে পারে। এটি জনগণের ক্ষোভ বাড়াবে।

দর-কষাকষিতে দক্ষতার দাবি করা ট্রাম্প হয়তো কিছু সমঝোতা করতে চাইবেন। উদাহরণস্বরূপ, তিনি চীনের প্রেসিডেন্ট সি চিন পিংয়ের সঙ্গে এমন একটি চুক্তি করতে পারেন, যেখানে যুক্তরাষ্ট্র তাইওয়ানের প্রতি সমর্থন কিছুটা কমাবে। আর এর বদলে একটি বাণিজ্য চুক্তি করবে এবং সেই চুক্তিকে তিনি তাঁর সাফল্য হিসেবে দেখাবেন। এশিয়ায় যুক্তরাষ্ট্রের কিছু মিত্রদেশ এমন পরিস্থিতি নিয়ে দুশ্চিন্তায় আছে।

ট্রাম্পের প্রচার এবং আগের মেয়াদ বিশ্লেষণ করলে বোঝা যায়, তিনি আন্তর্জাতিক চুক্তি আর মৈত্রীর ওপর কম গুরুত্ব দেবেন। তিনি আবার প্যারিস জলবায়ু চুক্তি থেকে বের হয়ে আসতে চান এবং তেল ও গ্যাসের উৎপাদন ও রপ্তানি বাড়াতে চান। যদিও যুক্তরাষ্ট্রে নবায়নযোগ্য জ্বালানির দাম কমছে, তবে তাঁর নীতির কারণে এসব শিল্প প্রতিযোগিতায় পিছিয়ে পড়তে পারে।

মধ্যপ্রাচ্যে ট্রাম্প সব সময়ই ইসরায়েলকে সমর্থন করেছেন। ইসরায়েলের সঙ্গে চারটি আরব দেশের সম্পর্ক স্বাভাবিক করেছিল যে আব্রাহাম চুক্তি, সেই চুক্তি তিনিই ঠিক করে গিয়েছিলেন এবং তা নিয়ে তিনি বরাবরই গৌরববোধ করে আসছেন।

বাইডেন প্রশাসন সৌদি আরবকে ইসরায়েলকে স্বীকৃতি দিতে চেয়েছিল; কিন্তু সৌদি আরব শর্ত দিয়েছিল, ইসরায়েলকে ফিলিস্তিন রাষ্ট্রগঠনের পথে পদক্ষেপ নিতে হবে; কিন্তু ইসরায়েলের ডানপন্থী সরকার দুই-রাষ্ট্র সমাধানের বিরোধী। ২০২৩ সালের ৭ অক্টোবর হামাসের আক্রমণের পর ইসরায়েলের জনগণও এই দুই রাষ্ট্রভিত্তিক সমাধান নিয়ে আগ্রহ হারিয়েছে। ট্রাম্প হয়তো এই অঞ্চলে তাঁর আগের সাফল্যকে আরও এগিয়ে নিতে চাইবেন; কিন্তু তিনি কীভাবে তা করবেন, তা বোঝা কঠিন।

ইউরোপ আর ন্যাটো নিয়ে ট্রাম্প বলেছেন, তিনি ‘এক দিনে’ ইউক্রেন যুদ্ধ শেষ করবেন। কিন্তু বাস্তবে তা সম্ভব নয়। তিনি কীভাবে যুদ্ধবিরতি আনবেন, তা এখনো অনিশ্চিত। এমন হতে পারে, ট্রাম্প ইউক্রেনকে কম সহায়তা দিয়ে এমন অবস্থায় নিয়ে যাবেন, যাতে ইউক্রেন রাশিয়ার শর্ত মেনে নিতে বাধ্য হয়।

আবার তিনি এমন সমাধানের দিকেও যেতে পারেন, যাকে ‘কোরিয়ান সমাধান’ বলা হয়। এই সমাধানে, যুদ্ধক্ষেত্রের বর্তমান সীমান্তকে নিরস্ত্রীকৃত অঞ্চল বানানো হবে, যেখানে জাতিসংঘ বা ইউরোপীয় শান্তিরক্ষীরা অবস্থান করবে।

ট্রাম্পের বক্তব্য থেকে বোঝা যায়, তিনি মার্কিন পররাষ্ট্রনীতির পুরোনো ধারা অনুসরণ করতে চান। প্রথম উদ্বোধনী ভাষণে তিনি বলেছিলেন, ‘এখন থেকে আমেরিকার স্বার্থ থাকবে সবার আগে আমরা কাউকে আমাদের মতো হতে বাধ্য করব না; বরং আমাদের জীবনধারাকে সবার জন্য একটি উদাহরণ হিসেবে প্রদর্শন করব।’ এই দৃষ্টিভঙ্গি অন্যদের থেকে বিচ্ছিন্ন হওয়ার বার্তা দেয় না; তবে এটি পারস্পরিক সম্পর্ক বাড়ানোর নীতির দিকেও যায় না।

*জোসেফ এস নাই হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ইমেরিটাস ও যুক্তরাষ্ট্রের সাবেক সহকারী প্রতিরক্ষাসচিব*

*সৌজন্যে: প্রজেক্ট সিন্ডিকেট*

প্রথম নজর

# কৃষকদের লড়াইকে জোরদার করতে গঠিত হল নয়া কৃষক সংগঠন

**রূপম চট্টোপাধ্যায় ● কলকাতা**




**আপনজন:** সর্ব ভারতীয় প্রগতিশীল কিষান সভা, সারা অসম কৃষক সংগঠন , ত্রিপুরা কৃষক মুক্তি সংগ্রাম পরিষদ ও সারা ভারত ক্রান্তিকারি কিষান সভা এই চারটি কৃষক সংগঠন ঐক্যবদ্ধ হয়ে গড়ে উঠল অল ইন্ডিয়া ইউনাইটেড কিষাণ সভা। পশ্চিমবঙ্গের ভাঙরে ১৯- ২০ ডিসেম্বর দুই দিন ব্যাপী এক সম্মেলনে এই ঐক্য প্রক্রিয়া সম্পন্ন করেছে । এই ঐক্যবদ্ধ কৃষক সংগঠন দেশের ১৫ টি রাজ্যে সক্রিয়। সম্মেলনে ২১ জন কার্যকরী কমিটির সদস্য এবং কে রঙ্গা, বিমল ত্রিবেদী ও কৃষ্ণা গগৈ এই তিন জন আহ্বায়ক নির্বাচিত হয়েছেন। আগামী ৯ জানুয়ারি দেশব্যাপী " দাবি দিবস " পালন করা হবে। এই দিন প্রতিটি রাজ্যে কৃষকদের রাজ্য ভিত্তিক দাবি ও কৃষি পন্যের নূন্যতম সহায়ক মূল্যের দাবিতে সোচ্চার হবে এই এই ঐক্যবদ্ধ কৃষক সংগঠন। সংগঠন সূত্রে জানানো হয়েছে, ' সংযুক্ত কিষান মোর্চা' সহ দেশের বিভিন্ন প্রান্তে সংগ্রামী কৃষক সংগঠনগুলোর সঙ্গে ঐক্যবদ্ধ আন্দোলনের মধ্যদিয়ে দেশে কৃষক সংগ্রামকে বিকশিত করাই এই সংগঠনের লক্ষ্য । কেন্দ্রের বিজেপি সরকার ও রাজ্যগুলোতে কৃষক স্বার্থ বিরোধী প্রতিটি নীতির বিরুদ্ধে লড়াই গড়ে তুলতেই এই প্রয়াস। একই সঙ্গে দেশের ভূমি ব্যবস্থার ফলে গরিব ও প্রান্তিক কৃষকদের উপর যে নির্মম শোষন চলছে তার বিরুদ্ধে লড়াইকে জোড়দার করবে এই ঐক্যবদ্ধ কৃষক সংগঠন ।

# জুবিলা উচ্চ মাধ্যমিক স্কুলের সুবর্ণ জয়ন্তী



**মোল্লা মুয়াজ ইসলাম ● বর্ধমান**

**আপনজন:** পূর্ব বর্ধমান জেলার খণ্ডঘোষের জুবিলা প্রগতি বিদ্যানিকেতন উচ্চ মাধ্যমিক স্কুলের ৫০ বর্ষপূর্তি উপলক্ষে দুদিনব্যাপী সুবর্ণ জয়ন্তী উৎসবের আয়োজন করা হয়েছে।
বৃহস্পতিবার সকাল ১১টায় জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। এই বিশেষ অনুষ্ঠানকে কেন্দ্র করে সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রভাতফেরী, এবং প্রতিযোগিতামূলক কার্যক্রম আয়োজন করা হয়েছে।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বর্ধমান পৌরসভার চেয়ারম্যান পরেশ চন্দ্র সরকার, জেলা পরিষদের অধ্যক্ষ ও বিদ্যালয় পরিচালন কমিটির সভাপতি অপার্থিব ইসলাম, জেলা পরিষদের জনস্বাস্থ্য ও পরিবেশ কর্মাধ্যক্ষ বিশ্বনাথ রায়, জেলা স্কুল পরিদর্শক, এবং খণ্ডঘোষ ব্লকের সার্কেল ওয়ান ও সার্কেল টু-এর স্কুল পরিদর্শকগণ।
বিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা এবং স্থানীয় বিশিষ্ট ব্যক্তিদের অংশগ্রহণে সুবর্ণ জয়ন্তীর এই উদযাপন অনুপ্রাণিত করে সবার মধ্যে উদ্দীপনা। বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান, বিদ্যালয়ের ৫০ বছরের গৌরবময় যাত্রা সম্মানিত করতে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

# আখের জমি থেকে যুবকের মৃতদেহ উদ্ধার



**নিজস্ব প্রতিবেদক ● করণদিঘী**

**আপনজন:** করণদিঘি থানার আলতাপুর ১ গ্রাম পঞ্চায়েতের বামবোল গ্রামে বুধবার সকালে এক যুবকের মৃতদেহ উদ্ধার করা হয়। মৃত যুবকের নাম বসন্ত ওরাও (২৬)। স্থানীয় বাসিন্দারা জানান, মৃতদেহটি আখের জমির পাশ থেকে উদ্ধার হয় এবং ঘটনাটি তীব্র চাঞ্চল্যের সৃষ্টি করেছে। স্থানীয় বাসিন্দা রঞ্জিত ওরাও জানিয়েছেন, মঙ্গলবার বিকেলে বসন্ত ওরাও সুস্থ অবস্থায় বাড়িতে ছিলেন। তবে বুধবার সকালে তার মৃতদেহ আখের জমির মধ্যে জল ভেজা অবস্থায় পড়ে থাকতে দেখা যায়। ঘটনার খবর জানানো হয় পুলিসে, এবং ঘটনাস্থলে পৌঁছায় করণদিঘি থানার পুলিস। পুলিসের পক্ষ থেকে জানানো হয়েছে যে মৃতদেহটি ময়নাতদন্তের জন্য রায়গঞ্জ মেডিকেল কলেজে পাঠানো হয়েছে। তবে, এই মৃত্যুর কারণ এখনও স্পষ্ট নয়। ময়নাতদন্তের রিপোর্ট পাওয়ার পরেই মৃত্যুর কারণ জানা যাবে বলে পুলিশ সূত্রে জানিয়েছে।

# দক্ষিণ বারাসতে সংস্কৃতি মেলা শুরু হল



**চন্দনা বন্দ্যোপাধ্যায় ● জয়নগর**

**আপনজন:** দক্ষিণ বারাশত এলাকায় সুস্থ সাংস্কৃতিক পরিবেশ বজায় রাখতে দীর্ঘ দিন ধরে কাজ করে চলেছে দ: বারাশত সুটেন্ডস এন্ড ইয়ুথ কালচারাল ফোরাম। আর তাদের উদ্যোগে মঙ্গলবার দ: বারাশত হাইস্কুলে ২৪ তম বর্ষের দ: বারাশত সংস্কৃতি মেলা শুরু হল। চলবে ৩০ শে ডিসেম্বর পর্যন্ত। মঙ্গলবার এই মেলার আনুষ্ঠানিক সূচনা করেন জয়নগরের সাংসদ প্রতিমা মন্ডল। এছাড়া উপস্থিত ছিলেন জেলা পরিষদ সদস্য খান জিয়াউল হক,দ: বারাশত সারদামনি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শ্রাবণী ভট্টাচার্য চক্রবর্তী,দ: বারাশত হাইস্কুলের প্রধান শিক্ষক দেবদীপ ভট্টাচার্য, অনিমেষ হালদার,কমল কুমার মিত্র, বাসুদেব রায় মন্ডল সহ আরো অনেকে।এই এক সপ্তাহ ব্যাপী মেলাতে মোট ২৫ টি একাঙ্ক নাটক মঞ্চস্থ হচ্ছে।এছাড়া সাংস্কৃতিক অনুষ্ঠান, চক্ষু পরীক্ষা শিবির, আলোচনা সভা ছাড়া একাধিক অনুষ্ঠান পরিবেশিত হচ্ছে।

# কাটমানি দিতে না পারায় 'বাতিল' হয়ে গেল রূপশ্রী প্রকল্পের ফর্ম!



**নিজস্ব প্রতিবেদক ● মালদা**

**আপনজন:** কাটমানি দিতে না পারায় বাতিল হয়ে গেল রূপশ্রী প্রকল্পের ফর্ম।
বিস্ফোরক অভিযোগ, রুপশ্রী প্রকল্পের ব্লক এবং পঞ্চায়েতের সমীক্ষক কর্মীদের বিরুদ্ধে। প্রশ্নের মুখে ব্লক প্রশাসনের ভূমিকা।
মালদার চাঁচল ১ নং ব্লকের খরবা গ্রাম পঞ্চায়েতের গোপালপুর গ্রামের বাসিন্দা সালেমা বিবি। তাঁর মেয়ে শাহনাজ খাতুনের বিয়ে হয় চলতি বছরের গত নভেম্বর মাসে। বিয়ের ১৯ দিন আগে রাজ্য সরকারের রূপশ্রী প্রকল্পের টাকা পাওয়ার জন্য নিয়ম মেনে ব্লক দপ্তরে আবেদনও করেন। বিয়ের ঠিক সাত দিন আগে ব্লক দপ্তর এবং পঞ্চায়েত দপ্তর থেকে তদন্তে আসেন সমীক্ষকরা।
কিন্তু তারপর ৫ হাজার টাকা দাবি করেন। কিন্তু পরিবারের আর্থিক স্বচ্ছলতা না থাকায় তারা দিতে অপারক হন।
পরবর্তীতে তারা জানতে পারেন শাহনাজের রূপশ্রীর ফর্ম বাতিল হয়েছে। জানা যাচ্ছে এই ব্লক জুড়ে রুপশ্রী নিয়ে দুর্নীতি হচ্ছে। সক্রিয় রয়েছে দালাল চক্র।
প্রত্যেক জায়গাতেই নেওয়া হচ্ছে কাটমানি। আর না দিতে পারলেই বঞ্চিত হচ্ছে শাহনাজদের মত অনেকেই।

# নিমতিতায় রেললাইনে বোমা হামলা নিয়ে তদন্ত দাবি এসডিপিআই-এর

**নিজস্ব প্রতিবেদক ● মুর্শিদাবাদ**



**আপনজন:** মুর্শিদাবাদের রানীনগরে মসজিদে বোমা হামলা, বেলডাঙায় পুজো মণ্ডপে আল্লাহর নামে অশ্লীল ভাষা ব্যবহার করে সাম্প্রদায়িক দাঙ্গার পর এবার সামসেরগঞ্জ বিধানসভার নিমতিতা রেলগেট সংলগ্ন রেললাইনে বোমা রেখে পালাতে গিয়ে পাকড়াও হয়েছে মদন দাস ও সাগর দাস নামে দুজন ব্যক্তি। ঘটনা প্রকাশ্যে আসার পর থেকেই উত্তেজনা শুরু হয়েছে সম্পূর্ণ জেলায়, কি কারণে একের পর এক ষড়যন্ত্র হয়ে চলেছে মুর্শিদাবাদে তার নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছে সোস্যাল ডেমোক্র্যাটিক পার্টি অফ ইন্ডিয়া। এসডিপিআই-এর রাজ্য সভাপতি তায়েদুল ইসলাম এক প্রেস বিবৃতির মাধ্যমে বলেন– নিমতিতায় রেল লাইনের উপর বোমা বিস্ফোরণের চেষ্টার ঘটনায় গ্রেফতার হওয়া সাগর দাস ও মদন দাস এর বিরুদ্ধে কী ধারায় পুলিশ মামলা দিল তা জনগণ জানতে চান। পিছনে কী গভীর ষড়যন্ত্র ছিল তা পুলিশ, রেল পুলিশ, সিআইডি পৃথক পৃথক ভাবে তদন্ত করুক এবং তদন্তের কাজ দ্রুত শেষ করে সংশ্লিষ্ট সকলের আইন অনুযায়ী বিচার করতে হবে। পুলিশ যাতে কোন ভাবেই বিষয়টিকে ধামাচাপা দিতে না পারে বা অন্য দিকে মোড় ঘোরাতে না পারে তা নিশ্চিত করতে হবে রাজ্য সরকারকে। শোনা যাচ্ছে পুলিশ না কি ইতিমধ্যেই বলতে শুরু করেছে দুষ্কৃতীদের কাছে যা পাওয়া গেছে তা বোমা নয়।

# রাতের শহরে শীতার্তদের শীতবস্ত্র দানের সূচনায় বিধায়ক হুমায়ুন কবির

**নিজস্ব প্রতিবেদক ● বসিরহাট**



**আপনজন:** রাতে শহর কলকাতা যখন গভীর ঘুমে আচ্ছন্ন ঠিক তখন স্বেচ্ছাসেবী সংস্থা 'মানবতা'র হাত ধরে প্রাক্তন মন্ত্রী ও বর্তমানে ডেবরা বিধায়ক হুমায়ুন কবির শীতার্তদের মধ্যে শীতবস্ত্র বিতরণের সূচনা করলেন ২৫ শে ডিসেম্বর। অসহায়দের মধ্যে যারা শহরের ফুটপাত, ওভারব্রীজ, সাবওয়েতে রাত্রি যাপন করাদের মধ্যে যাদের শীতের নুন্যতম পোশাক ব্যাবহারে অপারগ, ফলত যারা শীতবস্ত্র ছাড়াই শীতকে সংঙ্গী করে রাত্রি যাপন করতে বাধ্য হচ্ছে এমন মানুষদের খুঁজে খুঁজে তাদেকে উপহার দেয় শীতবস্ত্র হিসাবে কম্বল।
এমন কার্যক্রম তারা তারা চালায় শিয়ালদহ, পার্ক সার্কাস, ধর্মতলা ও এসনএস জে এম কেডিকেল কলেজ ও হাসপাতাল চত্বরে। পাশাপাশি এদিন ডেঙ্গু সচেতনতা বার্তা প্রচারের স্বার্থে শহরের অসহায়দের মশারী বিতরণ করে।
এদিন ৩০০ কম্বল ও ৩০০ মশারি বিতরণ করা হয়।
এই অভিনব উদ্যোগের বিষয়ে জানতে চাওয়ায়, মানবতা'র সাধারণ সম্পাদক জানান সঠিক মানুষকে সঠিক উপহার পৌঁছে দিতেই আমরা রাতকে বেছে নিয়েছি এবং খুঁজে খুঁজে তাদেরকে প্রদান করছি। এদিন মানবতা'র সমস্ত সদস্যদের স্বতঃস্ফূর্ততা ছিল চোখে পড়ার মতো। উপস্থিত ছিলেন মানবতা'র সাধারণ সম্পাদক জুলফিকার আলি পিয়াদা, ডাটা সাইন্টিস্ট আব্দুল গফুর, সমাজকর্মী পাপিয়া পাল, শিক্ষক আবু সিদ্দিক খান প্রমুখ। এদিন সংস্থার সদস্যদের স্বতঃস্ফূর্ততা ছিল চোখে পড়ার মতো।

# ভবানীপুর প্রাথমিক স্কুলের সুবর্ণ জয়ন্তী

**নিজস্ব প্রতিবেদক ● মুর্শিদাবাদ**



**আপনজন:** বৃহস্পতিবার লালগোলা ৪০ নং ভবানীপুর প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হলো সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান সেই সঙ্গে নবীন বরণ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান। এদিন ভবানীপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার পরিকাঠামো ও মানোন্নয়নে বর্তমান শিক্ষাবর্ষে একগুচ্ছ পরিকল্পনা গ্রহণ করা হয়।এছাড়াও প্রাক প্রাথমিক শ্রেণি থেকে চতুর্থ শ্রেণি পর্যন্ত প্রতিটি শ্রেণির প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধীকারী ছাত্র ছাত্রীর হাতে তুলে দেওয়া হল বিশেষ পুরস্কার। বিদ্যালয়ে নিয়মিত উপস্থিত,মেধাবী, ক্রীড়া ও সংস্কৃতির ক্ষেত্রে পারদর্শী একজন ছাত্র- ছাত্রীকে (প্রতিটি শ্রেণির) বর্ষসেরা পুরস্কারে পুরস্কৃত করা হয়। এছাড়াও সাংস্কৃতিক নানা আয়োজনের মধ্যদিয়ে ছাত্র-ছাত্রীরা মেতে ওঠে।
এদিন উপস্থিত ছিলেন অবর বিদ্যালয় পরিদর্শক নিবেদিতা ঘোষ, আনারুল হক, লালন সেখ, প্রাক্তন প্রধান শিক্ষক সাইদুর রহমান, আব্দুস সালাম, মুসলেমা খাতুন, বীরেন্দ্র কুমার মন্ডল, ইসমাইল হক প্রমুখ।
অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্র ছাত্রী সহ অভিভাবকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।

*ছবি: রহমতুল্লাহ*

# শিক্ষকের জানাজায় মানুষের ঢল



*আপনজন: উত্তর ২৪ পরগনার শাসন থানা এলাকার ঐতিহ্যবাহী আমিনপুর সিনিয়র মাদ্রাসর অবসরপ্রাপ্ত শিক্ষক হজরত মাওলানা মুফতি শওকত আলির নামাজ এ জানাজা অনুষ্ঠিত হয় মঙ্গলবার। তার নামাজ এ জানাজা পড়ার মরহুমের জ্যেষ্ঠ পুত্র সাইফুল্লাহ এবং দোয়া করেন ফুরফুরা শরীফের সৈয়দ মাওলানা আলমগীর।*

# হাজারদুয়ারি উৎসব মেলার সূচনা হল



**সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ**

**আপনজন:** প্রথম বর্ষ হাজারদুয়ারি উৎসব মেলার সূচনা করা হল লালবাগ আস্তাবল ময়দানে। বর্জ্য সচেতনতা এবং ডেঙ্গু প্রতিরোধের বিষয়ে সজাগ করতে পশ্চিমবঙ্গ সরকারের পৌর ও নগরোন্নয়ন দপ্তরের নির্দেশে ২৫শে ডিসেম্বর অর্থাৎ বড়দিন থেকে ৩১শে ডিসেম্বর অর্থাৎ বছরের শেষ দিন পর্যন্ত এই অনুষ্ঠান করা হবে বলে জানান মুর্শিদাবাদ পৌরসভার পৌরপিতা ইন্দ্রজিৎ ধর। মুর্শিদাবাদ পৌরসভার ব্যবস্থাপনায় সাত দিন ব্যাপি এই অনুষ্ঠানে স্থানীয় কলা-কুশলী এবং শিল্পীরা বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। পৌরসভার পক্ষ থেকে আস্তাবল ময়দানে ৩০ টি স্টল করা হয়েছে। সেইসব স্টলগুলিতে বিনামূল্যে স্বয়ম্ভর গোষ্ঠীর মহিলারা এবং স্থানীয় ব্যবসায়ীরা নিজেদের বিক্রয় সামগ্রী নিয়ে হাজির হয়েছেন। বুধবার সন্ধ্যায় অনুষ্ঠানের উদ্বোধন করেন লালবাগের মহকুমা শাসক ড. বনমালী রায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লালবাগের মহকুমা পুলিশ আধিকারিক অকোলকর রাকেশ মহাদেব, মুর্শিদাবাদ থানার ভারপ্রাপ্ত আধিকারিক সনৎ দাস, মুর্শিদাবাদ পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলররা, এবং অন্যান্য অতিথিবৃন্দ।

# গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী গৃহবধূ

**সাবের আলি ● বড়ঞা**




**আপনজন:**গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী হল একগৃহবধূ। বুধবার রাত্রি আটটা সময় ঘটনাটি ঘটেছে মুর্শিদাবাদ জেলার, বড়ঞা থানার অন্তর্গত মৌনাই কান্দারা গ্রাম,
পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতার নাম জাহান্নারা বিবি বয়স (৩৪)। এদিন রাত্রি আটটার সময় ওই গৃহবধূকে ঝুলন্ত অবস্থায় দেখতে পাই বাড়ির লোকেরা। বড়ঞা থানায় খবর দিলে দেহ উদ্ধার করে কান্দি মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন।
দেহ ময়নাতদন্তের জন্যে কান্দি মর্গে পাঠানো হয়। আজ বৃহস্পতিবার ময়নাতদন্তের পর পরিবারের হাতে দেহ তুলে দেয়। গৃহবধূর স্বামী চাঁদ মল্লিক তিনি একজন পরিযায়ী শ্রমিক তিনি দুবাইয়ে থাকেন দুবাই থেকে ছুটিতে বাড়ি এসেছিলেন। ১৫ দিন যাওয়া হল দুবাই। স্থানীয় বাসিন্দারা ফারসিদা বিবি, বলেন জাহানারা বিবি দুই সন্তান এক ছেলে এক মেয়ে, মেয়ের এবং ছেলের বিয়ে হয়েছে ওদের সবার পৃথক সংসার। পরিবারের লোকজন বলেন মানসিক অবসাদে ভুগছিল। এই ঘটনায় মৌনাইকান্দরা গ্রামে শোকের ছায়া নেমে এসেছে। বড়ঞা থানায় একটি অস্বাভাবিক মৃত্যুর মামলার রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে বড়ঞা থানার পুলিশ।

# আমতা সম্প্রীতি উৎসব উদ্বোধন করলেন মন্ত্রী



**সুরজীৎ আদক ● আমতা**

**আপনজন:** সাম্প্রদায়িক সম্প্রীতি,জাতীয় সংহতি ও সুস্থ সংস্কৃতি রক্ষার লক্ষ্যে আমতা কেন্দ্রের বিধায়ক সুকান্ত কুমার পালের ঐকান্তিক প্রচেষ্টায় আমতার তাজপুরে ১৩'তম বর্ষের "আমতা সম্প্রীতি উৎসব"-এর শুভ উদ্বোধন হল।
উদ্বোধন করেন রাজ্যের পূর্ত,জনস্বাস্থ্য ও কারিগরি মন্ত্রী পুলক রায়। এদিনের এই উদ্বোধনে মন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক ডাঃনির্মল মাজি,সুকান্ত পাল,বিদেশ বসু,প্রিয়া পাল,হাওড়া জেলা পরিষদের কর্মাধ্যক্ষ বিমল দাস,উলুবেড়িয়ার মহকুমাশাসক মানস কুমার মণ্ডল,আমতার এসডিপিও নিরুপম ঘোষ,আমতা-২ নং পঞ্চায়েত সমিতির সভাপতি শেখ মহবুব আলি সহ অন্যান্য প্রশাসনিক আধিকারিকগণ।

# কাশিপুর আজমল অ্যাকাডেমিতে ২০ জন শিক্ষকের প্রশিক্ষণ কর্মশালা

**জাকির সেখ ● মুর্শিদাবাদ**



**আপনজন:** বিশিষ্ট শিক্ষাবিদ মাওলানা মুহাম্মাদ আইয়ুব ভটকালি সাহেবের অনুপ্রেরণায় মুর্শিদাবাদ জেলা জমিয়তে উলামা ও রাবেতা বোর্ডের সভাপতি মাওলানা বদরুল আলম সাহেবের উদ্যোগে বৃহস্পতিবার রেজনগরে অবস্থিত জেলার অন্যতম স্বনামধন্য প্রতিষ্ঠান কাশিপুর আজমল অ্যাকাডেমিতে এলাকার ২০ জন মুয়াল্লিমকে নিয়ে শিক্ষক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। এদিনের প্রশিক্ষণ শিবিরে ট্রেনার মাওলানা মানোয়ার হোসেন সাহেব মক্তবে শিক্ষকদের কিভাবে ছাত্র ছাত্রীদের কুরআন, মাসলা মাসায়েল, নামাজ, শারীর শিক্ষা ইত্যাদি প্রয়োজনীয় বিষয় শিক্ষা দিতে হবে সেই বিষয়ে প্রশিক্ষণ দেন। জেলা জমিয়তে উলামার আইটি সেলের সদস্য হাফেজ জাকির বলেন, কাশিপুর আজমল অ্যাকাডেমিকে জেলার বিভিন্ন প্রান্তে মক্তবের কাজ জোরকদমে চালাবে।

ছড়িয়ে-ছিটিয়ে

# ফুরফুরায় বোখারিয়ার বস্ত্র বিতরণ



**নুরুল ইসলাম খান ● ফুরফুরা**

**আপনজন:** বুধবার ফুরফুরা শরীফ বোখারীয়া ফাউন্ডেশন উদ্যোগে শীতবস্ত্র বিতরণ গুণীজন সংবর্ধনা প্রদান ও দোয়ায় মাহফিল অনুষ্ঠিত হয় ফুরফুরা শরীফ বেলপাড়া বোখারিয়া দরবার শরীফে। ফাউন্ডেশনের কেন্দ্রীয় কার্যালয় তথা ফুরফুরা শরীফের অনুষ্ঠান থেকে, হাওড়া, হুগলি, মেদিনীপুর, উত্তর দক্ষিণ চব্বিশ পরগনা সহ বিভিন্ন জেলায় শাখা কমিটি এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসা কমিটির হাতে শীতবস্ত্র তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,পীর আল্লামা সৈয়দ আলমগীর হোসাইন বোখারী, পীরজাদা মাহফুজ হোসাইন, পীরজাদা সৈয়দ ইমতিয়াজ হোসাইন, পীরজাদা সাদ্দাম হোসাইন, পীরজাদা সৈয়দ মাহতাব হোসাইন। এছাড়াও উপস্থিত ছিলেন, ফুরফুরা সিনিয়র মাদ্রাসার এসিস্ট্যান্ট সুপার মাওলানা রফিকুল ইসলাম, মাওলানা আবু বকর, সেখ সেলিম, শাহনাওয়াজ মন্ডল, মওলানা আসাদুল্লাহ ফাতেহী।
বোখারীর ফাউন্ডেশনের সভাপতি তথা ফুরফুরা ফাতেহীয়া সিনিয়র টাইটেল মাদ্রাসা সাইখুল হাদিস পীর আল্লামা সৈয়দ আমজাদ হোসাইন বুখারী হুজুরের নেতৃত্বে এবং তার দুই পুত্র পীরজাদা সৈয়দ হামমাদ হোসেইন, পীরজাদা সৈয়দ হামমাম হোসাইন বোখারীর পরিচালনায় অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন হয়।

# শুরু গলসি উৎসব, চলবে সাতদিন



**আজিজুর রহমান ● গলসি**

**আপনজন:** পূর্ব বর্ধমানের গলসিতে বুধবার উদ্বোধন হলো গলসি উৎসবের। গলসি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে অনুষ্ঠিত হয় এই উৎসব। এবছর তৃতীয় তম বর্ষে পদার্পণ করলো গলসি উৎসব ও স্বাস্থ্যমেলা। উদ্ধোবনি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমান জেলার জেলা শাসক আয়েশা রানি এ, বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস ও গলসির বিধায়ক নেপাল ঘরুই, মহকুমা শাষক তীর্থেন্দু গাঙ্গুলি, বি,ডি,এ চেয়ারম্যান কাকলি তা,গলসি ২ ব্লকের বিডিও মৈত্রী ভৌমিক, সার্কেল ইন্সপেক্টর শৈলেন্দ্র উপাধ্যায়,গলসি থানার ওসি অরুন কুমার সোম ও অন্যান্য বিশিষ্টজনরা। ফিতে কেটে ও প্রদীপ প্রজ্বলন করে গলসি উৎসবের শুভ সূচনা করা হয়। এছাড়াও শান্তির প্রতিক পায়রা উড়ানো হয় এবং বড়োদিন উপলক্ষে কেক কেটে দিনটি উদযাপন করা হয়। ধীরে ধীরে জাঁকজমকপূর্ণ হয়ে উঠেছে এই উৎসব ।

# হলান্ডের পেনাল্টি মিস, আবারও পয়েন্ট খোয়াল সিটি



**ম্যানচেস্টার সিটি ১:১ এভারটন**

**আপনজন ডেস্ক:** ম্যানচেস্টার সিটির দুরবস্থা কাটল না বক্সিং ডে ফুটবলেও। নিজেদের মাঠে ম্যাচ, অপেক্ষাকৃত দুর্বল প্রতিপক্ষ আর বক্সিং ডেতে টানা জয়ের অতীত– কোনোটাই পেপ গার্দিওলার দলের কাজে আসেনি। প্রিমিয়ার লিগে এভারটনের বিপক্ষে শুরুতে এগিয়ে গিয়েও শেষ পর্যন্ত ১–১ ড্র নিয়ে মাঠ ছাড়তে হয়েছে ম্যানচেস্টার সিটিকে।
এ নিয়ে লিগে টানা চার ম্যাচে পয়েন্ট খোয়াল বর্তমান চ্যাম্পিয়নরা। সব প্রতিযোগিতা মিলিয়ে সিটি সর্বশেষ ১৩ ম্যাচের ১২ টিতেই মাঠ ছাড়ল জয় ছাড়া।
ইতিহাদের আজকের ম্যাচটিতে সিটি জিততে পারত ২–১ ব্যবধানে। ম্যাচের ৫১ মিনিটে স্যাভিনিও ফাউলের শিকার হলে পেনাল্টি পেয়েছিল সিটি। বেশ সময় নিয়ে শট নিয়েছেন আর্লিং হলান্ড। কিন্তু দলের মতো ব্যর্থতার চোরাবালিতে ডুবে থাকা এই স্ট্রাইকার সেটা কাজে লাগাতে পারেননি। তাঁর বাঁ পায়ের দুর্বল শট দারুণভাবে রুখে দেন এভারটন গোলকিপার জর্ডান পিকফোর্ড। এর আগে ম্যাচের ১৪তম মিনিটে সিটিকে এগিয়ে দেন বের্নার্দো সিলভা। ৩৬ মিনিটে এই গোলটি শোধ করেন ইলিমান এনদিয়ায়ে।
প্রথমার্ধে দুই গোলের পর দ্বিতীয়ার্ধে কেউই আর জালে বল পাঠাতে পারেনি। সিটির জন্য পেনাল্টিতে সুযোগ থাকলেও সেটি নষ্ট করেছেন হলান্ড। যা শেষ পর্যন্ত হতাশা নিয়ে সিটিকে মাঠছাড়া করেছে। ২৬ ডিসেম্বরের বক্সিং ডেতে খেলা এর আগের টানা ৭ ম্যাচেই জিতেছিল ম্যানচেস্টার সিটি। একের পর এক ম্যাচে পয়েন্ট হারিয়ে ম্যানচেস্টার সিটি এখন চ্যাম্পিয়নস লিগের পরবর্তী আসরে অংশগ্রহণের শঙ্কায়। ১৮ ম্যাচে ২৮ পয়েন্ট নিয়ে সিটির অবস্থান ছয়ে। তবে এই অবস্থান দ্রুতই আরও নিচে নেমে যাওয়ার সম্ভাবনা আছে। কারণ লিগের বাকি ১৯ দলই সিটির চেয়ে অন্তত একটি করে ম্যাচ কম খেলেছে।
পয়েন্ট তালিকার শীর্ষে থাকা লিভারপুলের পয়েন্ট সিটির চেয়ে ১১ বেশি, ম্যাচও খেলেছে দুটি কম। এভারটন ১৭ ম্যাচে ১৭ পয়েন্ট নিয়ে ১৫ নম্বরে।

# কনস্টাসের রঙিন অভিষেক, স্মিথের সেঞ্চুরি



**আপনজন ডেস্ক:** বক্সিং ডে টেস্টের প্রথম দিনে দর্শকরা দেখলেন উপভোগ্য এক ক্রিকেট। টেস্ট অভিষেকে রেকর্ড গড়া অজি ওপেনার কনস্টাসের দারুণ ব্যাটিংয়ের পর জাসপ্রিত বুমরাহর শেষ বিকেলের তোপে দারুণ এক ম্যাচের পূর্বাভাস মিলেছে।
বৃহস্পতিবার (২৬ ডিসেম্বর) মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ডে টসে জিতে ব্যাটিংয়ে নামা অস্ট্রেলিয়া দিন শেষে তুলেছে ৬ উইকেটে ৩১১ রান। স্টিভেন স্মিথ ৬৮ ও অধনায়ক প্যাট কামিন্স ৮ রানে দ্বিতীয় দিনের খেলা শুরু করবেন।
বড়দিনের পরদিন ৮৭ হাজার দর্শকের উপস্থিতিতে মাঠে গড়ানো খেলায় অজিদের হয়ে ৮৯ রানের উদ্বোধনী জুটি গড়েন কনস্টাস ও উসমান খাজা। ১৯ বছর ৮৫ দিন বয়সে ব্যাটিংয়ে নেমেই রেকর্ড গড়েন কনস্টাস। তার চেয়ে কম বয়সে আরে কোনো অজি ব্যাটার ওপেনিংয়ে নামেননি। ১৯২৯ সালে অ্যাডিলেডে ইংল্যান্ডের বিপক্ষে আর্চি জ্যাকসনের ১৯ বছর ১৪৯ দিন বয়সে ওপেনিংয়ে নামার রেকর্ড আজ ভেঙে গেল। ক্রিজে এসে কনস্টাস তার প্রথম সাত ডেলিভারি খেলার সময় ব্যাটে-বলে সংযোগ ঘটাতে রীতিমতো সংগ্রাম করছিলেন। এ কালের সেরা পেসার জাসপ্রিত বুমরাহর বল খেলাটা ছিল বেশ কঠিন। এরপর যা ঘটেছে, তা যেন ছিল তরুণ ক্রিকেটারের আগমনী বার্তা। বুমরাহর ওভারেই একটি স্কুপ এবং দুটি রিভার্স স্কুপে টানা তিন বলে হাঁকালেন চার, ছক্কা এবং চার। কনস্টাস ১৮ বল খেলে যেখানে ২ রানের বেশি তুলতেই পারেননি, সেই তিনিই কিনা, ওয়ানডে মেজাজে খেলে ৫২ বলে প্রথম টেস্ট ফিফটি তুলে নেন। সাহসী ব্যাটিংটা মেলবোর্নের গ্যালারির দর্শকরা বেশ উপভোগ করেছেন।
সাজঘরে ফেরার আগে খেলেন ৬৫ বলে ৬ চার ও ২ ছক্কায় ৬০ রানের ইনিংস। প্রথম সেশনে কোহলি-কনস্টাসের একে অপরকে ধাক্কার ঘটনা যে উত্তাপ ছড়িয়েছে, তা বাকি সবকিছুকেই ছাড়িয়ে গেছে। দশম ওভার শেষে দুই দলের ক্রিকেটাররা প্রান্ত বদল করেছিলেন। এমন মুহূর্তে বল হাতে নিয়ে পিচে সামনে দিয়ে যাচ্ছিলেন কোহলি, অন্য পাশ থেকে আসছিলেন অস্ট্রেলিয়ান ওপেনার স্যাম কনস্টাস। তখন একে অন্যের সঙ্গে ধাক্কা লাগলে কোহলির দিকে তাকিয়ে কিছু বলতে দেখা যায় কনস্টাসকে। কোহলি তো আর ছেড়ে দেওয়ার পাত্র নয়, এই ভারতীয় ক্রিকেটারও উল্টো কয়েক লাইন শুনিয়ে দেন। দুজনের বাক্য বিনিময় লম্বা হতে দেননি আরেক ওপেনার উসমান খাজা ও অনফিল্ড আম্পায়ার মাইকেল গফ।
এমন ঘটনার জবাব অবশ্য অস্ট্রেলিয়ান ওপেনার সঙ্গে সঙ্গেই ব্যাটের মাধ্যমে দিয়েছেন। দশম ওভারের শেষে এই ঘটনার সূত্রপাত যার উত্তর দিতে পরের বলকেই বেছে নেন কনস্টাস। ১১তম ওভারেই অভিষিক্ত অস্ট্রেলিয়ান ওপেনার যশপ্রীত বুমরাহ তিনবারের জন্য বাউন্ডারি ছাড়া করে নেন ১৮ রান। পরে রবীন্দ্র জাদেজার বলে এলবিডব্লিউ হয়ে ফিরেছেন। ফিফটি পাওয়া আরেক ওপেনার খাজা ১২১ বলে ৬ চারে ৫৭ রানে বুমরাহর বলে লোকেশ রাহুলের তালুবন্দি হন। এর আগে তিনি মার্নাস লাবুশেনের সঙ্গে গড়েন ৬৫ রানের জুটি। তিনি নামা লাবুশেনও হাফ সেঞ্চুরি হাঁকান। ১৪৫ বলে ৭ চারে খেলেন ৭২ রানের ইনিংস। লাবুশেন এবং স্টিভেন তৃতীয় উইকেটে ৮৩ রানের জুটি গড়েন।
ওয়াশিংটন সুন্দরের শিকার হয়ে লাবুশেন ফেরেন। ভারতের মাথাব্যাথার কারণ হয়ে দাঁড়ানো ট্র্যাভিস হেড রানের খাতা খুলতে পারেননি। বুমরাহর শিকার হয়ে সাজঘরে ফেরেন। মিচেল মার্শ মাত্র ৪ রানে ফেরেন। অ্যালেক্স ক্যারি এবং স্মিথ ৫৩ রানের জুটি বেঁধে স্কোর তিনশর কাছে নিয়ে যান। শেষদিকে ক্যারিকে ফেরান আকাশদীপ।
টিম ইন্ডিয়ার হয়ে বুমরাহ তিনটি ও একটি করে উইকেট শিকার করেছেন আকাশদীপ, রবীন্দ্র জাদেজা ও ওয়াশিংটন সুন্দর।

# শুরুতে গোল হজম, তিন গোলে প্রত্যাবর্তন মোহনবাগানের, জয় দিয়েই বছর শেষ



**আপনজন ডেস্ক:** টানা পাঁচ ম্যাচ জিতে আত্মবিশ্বাসের তুঙ্গে ছিল মোহনবাগান। সব মিলিয়ে আট ম্যাচে অপরাজিত। কিন্তু গত ম্যাচে গোয়ায় গণ্ডগোল। টানা পাঁচটি জয়ের পর হারে জোরালো ধাক্কা লেগেছিল। দিল্লিতে পঞ্জাব এফসির বিরুদ্ধে ঘুরে দাঁড়ানোর লক্ষ্যে নেমেছিল সবুজ মেরুন। বক্সিং ডে ম্যাচের শুরুতেই ধাক্কা। সবুজ মেরুন ডিফেন্সে চূড়ান্ত ভুল বোঝাবুঝি। ম্যাচের মাত্র ১২ মিনিটেই রিকির সৌজন্যে লিড নেয় পঞ্জাব এফসি। ইন্ডিয়ান সুপার লিগে ২০ বছরের রিকির প্রথম গোল। তবে দ্বিতীয়ার্ধে প্রত্যাবর্তন এবং ৩ গোল। তিন পয়েন্ট নিয়েই মাঠ ছাড়ল। জয় দিয়ে বছর শেষ মোহনবাগানের।
দ্বিতীয়ার্ধের শুরুতেই বক্সের কাছাকাছি ফ্রি-কিক পায় মোহনবাগান। সমতা ফেরানোর সেরা সুযোগ। পঞ্জাব এফসি গোলকিপার বল ফিস্ট করেন। কর্নার থেকে সমতা ফেরায় মোহনবাগান। কর্নার কিক নেন কামিংসই। মাপা ক্রসে হেড আলবার্তো রডরিগেজের। ৪৮ মিনিটেই স্কোর লাইন ১-১। এক মিনিটের ব্যবধানে পরপর হলুদ কার্ড পঞ্জাবের স্ট্রাইকার এজাকুয়েল ভিদালকে। ৫১ মিনিটে ভিদালের রেড কার্ডে দশজনে পরিণত হয় পঞ্জাব। স্বাভাবিক ভাবেই ডিফেন্সিভ মোডে চলে যায় পঞ্জাব। মাঝে মাঝে কাউন্টার অ্যাটাক। যদিও রেফারির ভুল সিদ্ধান্তে পেনাল্টি পায় মোহনবাগান। অনিরুদ্ধ থাপাকে ফাউলের জন্য পেনাল্টি দেওয়া হয়েছিল। রিপ্লে-তে পরিষ্কার ধরা পড়েছে, অনিরুদ্ধকে ফাউল নয়, ডাইভ দিয়েছিলেন। রেফারি রাহুল কুমার গুপ্তা পেনাল্টির সিদ্ধান্ত দেন। জেমি ম্যাকলারেনের স্পট কিকে ৬৫ মিনিটে ২-১ লিড নেয় মোহনবাগান। এ মরসুমে রেফারিং নিয়ে নানা অভিযোগ উঠেছে। অতি বড় মোহনবাগান সমর্থকও হয়তো মেনে নেবেন, এটা ভুল সিদ্ধান্ত।
পেনাল্টির ঘটনা বাদ দিলে দুরন্ত প্রত্যাবর্তন মোহনবাগানের। ম্যাচের ৬৯ মিনিটে ইনডাইরেক্ট কর্নার নেয় সবুজ মেরুন। বক্সের বাঁ দিক থেকে বল চিপ করেন অনিরুদ্ধ। ফের হেডে গোল আলবার্তো রডরিগেজের। ডিফেন্সে যেমন ভরসা দিচ্ছেন, তেমনই গোলও করছেন। মোহনবাগানের ব্যবধান আরও বাড়তে পারত। শেষ দিকে মনবীর একটা দারুণ সুযোগ পেয়েছিলেন। সেটি হেলায় নষ্ট করেন। ৩-১ এ জয়ী মোহনবাগান।



**আপনজনঃ অনুষ্ঠিত হলো ১৫ তম পূর্ব বর্ধমান জেলা মাদ্রাসা গেমস এন্ড স্পোর্টস মীট-২০২৪। বর্ধমান টাউন স্কুল ময়দানে আয়োজিত ওই প্রতিযোগিতায় ৪২ টি মাদ্রাসার ছাত্র ছাত্রী অংশগ্রহণ করে। উপস্থিত ছিলেন জেলা বিদ্যালয় পরিদর্শক বৃন্দাবন মিত্র, মাদ্রাসা এআই কুনাল জ্যোতি দাস, কনভেনার অতনু নায়ক, অমিত কুমার ঘোষ, মাদ্রাসা শিক্ষক সংগঠনের সেখ নিজামুদ্দিনের, আশিকুর রহমান দেওয়ান প্রমুখ।**

# গাতি জে পি মেমোরিয়াল স্কুলে ক্রীড়া প্রতিযোগিতা



**নিজস্ব প্রতিবেদক ● কলকাতা**

**আপনজন:** দক্ষিণ ২৪ পরগনা জেলার ঘুটিয়ারি শরীফ গাতি জেপি মেমোরিয়াল স্কুলের বাৎসরিক শীতকালীন ক্রিয়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান প্রতিবছরের ন্যায় এ বছর গতি জেপি মেমোরিয়াল উচ্চমাধ্যমিক হাইস্কুলের ছাত্র-ছাত্রী দের নিয়ে সকাল থেকে চলে শীতকালীন ক্রিয়া প্রতিযোগিতা এই ক্রিয়া প্রতিযোগিতাকে ঘিরে উৎসবের আকার ধারণ করেছিল গাঁতি প্রাইমারি স্কুল মাঠে বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন কল্যাণ সরকার বিশিষ্ট কবি ও সাহিত্যিক উপস্থিত ছিলেন ধনঞ্জয় মুখার্জি এসআই ঘুটিয়ারি শরীফ এবং উপস্থিত ছিলেন স্কুলের কর্ণধর নূর হোসেন মন্ডল। নূর হোসেন মন্ডল বলেন দেখতে দেখতে এই প্রত্যন্ত গ্রামে ১২ বছরে পা দিল গাতি জেপি মেমোরিয়াল স্কুল। একেবারে পিছিয়ে পড়া এলাকা। শিক্ষা স্বাস্থ্য রাস্তাঘাট সমস্ত দিক থেকে একসময় পিছিয়ে ছিল। আজ আমরা এইলাকার মানুষ কে সঙ্গে নিয়ে এই স্কুল খুলে প্রায় 500 বাচ্চা পড়াশোনা করে হোস্টেলেও আছে রাজ্যের একাধিক জায়গা থেকেও ছাত্রছাত্রীরা এখানে পড়াশোনা করতে আসেন। এটা আমাদের অনেক বড় পাওনা।

# একটা ধাক্কায় কোহলির ৪ লাখ টাকা জরিমানা



**আপনজন ডেস্ক:** স্যাম কনস্টাসকে ধাক্কা দেওয়ার ঘটনায় বিরাট কোহলি যে শাস্তির মুখোমুখি হতে চলেছেন, সেটি বোঝা গিয়েছিল ঘটনার ধরনেই। মেলবোর্নে প্রথম দিনের খেলা শেষে সেই শাস্তির ঘোষণাটাই এসেছে আনুষ্ঠানিকভাবে। আইসিসি জানিয়েছে, অস্ট্রেলিয়ান ওপেনারকে পিচের মাঝে ধাক্কা দেওয়ায় চার আম্পায়ার কোহলির বিরুদ্ধে যে অভিযোগ এনেছেন, সেটি আমলে নিয়ে ভারতীয় তারকার বিরুদ্ধে শাস্তি আরোপ করেছেন ম্যাচ রেফারি অ্যান্ডি পাইক্রফট।
আইসিসি আচরণবিধির লেভেল ওয়ান ভঙ্গের দায়ে কোহলিকে তাঁর ম্যাচ ফির ২০ শতাংশ জরিমানা এবং একটি ডিমেরিট পয়েন্ট দেওয়া হয়েছে। ভারতের ক্রিকেটাররা প্রতি টেস্টের জন্য ১৫ লাখ রুপি ম্যাচ ফি পেয়ে থাকেন। ২০ শতাংশ হিসেবে কোহলিকে মেলবোর্ন টেস্টে ৩ লাখ রুপি জরিমানা দিতে হবে। যা বাংলাদেশি মুদ্রায় ৪ লাখ ২০ হাজার টাকা।
মেলবোর্ন টেস্টের প্রথম দিনেই কোহলিকে জরিমানা দিতে হয়েছে কনস্টাসকে দৃষ্টিকটুভাবে ধাক্কা দেওয়ায়। অস্ট্রেলিয়ার ইনিংসের দশম ওভার শেষে কনস্টাস হাতের গ্লাভস খুলে মাঠের অন্য প্রান্তের দিকে যাওয়ার পথে কোহলি এসে তাঁর কাঁধে ধাক্কা দেন। এ নিয়ে কনস্টাস ও কোহলির মধ্যে কথা কাটাকাটি হলে উসমান খাজা ও আম্পায়াররা এসে দুজনকে থামান।
আইসিসি জানিয়েছে, কোহলির বিরুদ্ধে আচরণবিধির ২.১২ ধারা লঙ্ঘনের অভিযোগ আনা হয়েছে, যা 'আন্তর্জাতিক ম্যাচের সময় খেলোয়াড়, সাপোর্ট স্টাফ, আম্পায়ার, ম্যাচ রেফারি বা দর্শকসহ অন্য কোনো ব্যক্তির সাথে অনুপযুক্ত শারীরিক সংযোগে'র সঙ্গে সম্পর্কিত।
কোহলির বিরুদ্ধে অভিযোগ এনেছেন মাঠের দুই আম্পায়ার জোয়েল উইলসন ও মাইকেল গফ, তৃতীয় আম্পায়ার শরফুদ্দৌলা ইবনে সৈকত এবং চতুর্থ আম্পায়ার শন ক্রেইগ। কোহলি নিজের দায় স্বীকার করে নেওয়ায় শুনানির প্রয়োজন হয়নি।
ম্যাচ রেফারি হিসেবে শততম ম্যাচে দায়িত্ব পালন করা পাইক্রফট কোহলির বিরুদ্ধে শাস্তি আরোপ করেন। ইতিহাসের চতুর্থ ম্যাচ রেফারি হিসেবে শততম ম্যাচের মাইলফলক ছুঁয়েছেন পাইক্রফট।

# ২০২৬ বিশ্বকাপ নিয়েও আশাবাদী স্পেন কোচ



**আপনজন ডেস্ক:** চলতি বছরে জার্মানিতে অনুষ্ঠিত হওয়া ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে অপরাজিত থেকে চ্যাম্পিয়ন হয় স্পেন। এর আগে ২০২২-২৩ মৌসুমে স্প্যানিশরা জেতে উয়েফা ন্যাশনস লীগ শিরোপা। এই সাফল্যের কারিগর কোচ লুইস দে লা ফুয়েন্তে এবার আশাবাদী আসন্ন ২০২৬ বিশ্বকাপ নিয়েও। বছর দুয়েক আগে স্পেনের দায়িত্ব নেয়া এই কোচের প্রধান লক্ষ্য দলের মধ্যে ২০১০ বিশ্বকাপজয়ী মানসিকতা ফিরিয়ে আনা।
দক্ষিণ আফ্রিকায় ২০১০ এ নিজেদের প্রথম ও একমাত্র বিশ্বকাপ জেতে স্পেন। এর আগে ২০০৮ এ এবং পরে ২০১২ তে ইউরো ট্রফি নিজেদের করে নেয় স্প্যানিশরা। এরপর মাঝে অনেকটা সময় কেটে গেছে। পারফর্মেন্সে আগের ধার না থাকার কারণে জেতা হয়নি আর কোনো ট্রফি। তারপর ২০২২ এ দলের দায়িত্ব নেন সাবেক অ্যাটলেটিকো বিলবাও ও সেভিয়া লেফট ব্যাক লুইস দে লা ফুয়েন্তে। ৬৩ বছর বয়সী এই কোচের দলের আসার পর থেকে বদলে যেতে শুরু করে স্পেনের অবস্থা। উয়েফা ন্যাশনস লীগের পর দলকে জেতান ইউরো ট্রফিও। চলতি বছরের জুন-জুলাইয়ে জার্মানিতে অনুষ্ঠিত হওয়া ইউরোর অপরাজিত চ্যাম্পিয়ন বানান দলকে। শুধু ট্রফি দিয়ে বিচার করলে ভুল হবে, তিনি পাল্টেছেন স্প্যানিশদের খেলার ধরনও। স্পেনের ঐতিহ্যবাহী 'টিকি-টাকা' কৌশল ফেলে দিয়ে তারা এখন আগের থেকে বেশি গতিময় ফুটবলের প্রদর্শন করছে। স্পেনের এই সফল কোচ এবার আশার বানী শোনালেন ২০২৬ বিশ্বকাপ নিয়ে। স্প্যানিশ সংবাদমাধ্যম 'এসএস'কে দেয়া এক সাক্ষাৎকারে লা ফুয়েন্তে বলেন, ('২০২৬ বিশ্বকাপের) খুব অল্প সময় বাকি। ১৮ মাস খুব দ্রুত চলে যাবে। কিন্তু আমরা প্রস্তুত। সত্যি বলতে আমি খুব আশাবাদী। কারণ দলের খেলোয়াড়দের ব্যাপারে আমি জানি। তারা তৃপ্ত নয়, তারা জিততে চায়। (বিশ্বকাপে) কতদূর যাবো জানি না তবে এই ১৮ মাসে আমরা বর্তমানের চেয়ে আরও ভালো দল হয়ে উঠবো। সেখানে নতুন ছেলেদের দেখা যাবে এবং এখন যারা আছে তারা আরও পরিণত হয়ে উঠবে। যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডা বিশ্বকাপের জন্য আমরা বর্তমানের চেয়ে আরও ভালো দল হয়ে উঠবো।' কোচ জানান দলে যুক্ত হবার পর থেকেই তার মূল পরিকল্পনার ব্যাপারে। তিনি বলেন, 'দায়িত্ব নেবার মুহূর্ত থেকে আমার লক্ষ্য ছিল দক্ষিণ আফ্রিকার (২০১০ বিশ্বকাপ) মানসিকতা আবারো জাগিয়ে তোলা।
এবং আমি মনে করি কম-বেশি আমরা তা অর্জন করেছি। আমাদের একটি চ্যাম্পিয়ন দল আছে যারা প্রতিদ্বন্দ্বীতা করতে পারে এবং জেতে। আমরা যারা ২০০৮ থেকে ২০১০ পর্যন্ত স্পেনের জয় চক্র উপভোগ করেছি, তাদের সবসময় সেই গর্ব পুনরুদ্ধারের আশা ছিল। আমার মতে, এই গ্রীষ্মে আমরা আবার তা অনুভব করতে শুরু করেছি।'

# আজ ওড়িশার মুখোমুখি মহামেডান

**আপনজন ডেস্ক:** শুক্রবার যুব ভারতী ক্রীড়াঙ্গনে ওড়িশা এফসি ইন্ডিয়ান সুপার লিগ ২০২৪-২৫ এ মহামেডান এসসি-র মুখোমুখি হতে চলেছে।
যেখানে ওডিশা এফসি তাদের অসাধারণ পারফরম্যান্স চালিয়ে যাওয়ার লক্ষ্য রেখেছে ঠিক উল্টো দিকে মোহামেডান এসসি লীগে তাদের দ্বিতীয় জয়ের জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। ওডিশা এফসি তাদের শেষ দুটি অ্যাওয়ে ম্যাচে জয়লাভ করেছে এবং সরাসরি তৃতীয় জয় অর্জন করে একটি রেকর্ড লক্ষ্য করেছে। ওড়িশা এফসি তাদের শেষ পাঁচটি খেলায় ১১ পয়েন্ট সংগ্রহ করেছে এবং বর্তমানে ১২ টি খেলায় ১৯ পয়েন্ট নিয়ে স্কোর টেবিলের পঞ্চম স্থানে রয়েছে। মোহামেডান এসসি তাদের আগের তিন ম্যাচে গোল করতে পুরো দমে লড়াই চালিয়ে গিয়েছিল এবং পুরো মৌসুমে মাত্র পাঁচটি গোল করেছে। সেই তুলনায়, ওডিশা এফসি ডিফেন্সে এ পর্যন্ত ১৭টি গোল করতে পেরেছে। সার্জিও লোবেরো আইএসএল-এ প্রথমবার মুখোমুখি হওয়া প্রতিপক্ষের বিরুদ্ধে তার শেষ সাতটি ম্যাচের সবকটিতেই জয়লাভ করেছেন। এটি ওডিশা এফসি এবং মহমেডান এসসির মধ্যে উদ্বোধনী আইএসএল এর এক অনন্য সিজন চিহ্নিত করতে চলেছে তা আর বলার অপেক্ষা রাখে না।


# নেহেরু যুব কেন্দ্রের সহায়তায় ক্রীড়া প্রতিযোগিতা রাজনগরে



**সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম**


**আপনজন:** বীরভূম জেলা নেহেরু যুব কেন্দ্রের আর্থিক সহায়তায় ও রাজনগর গ্রাম সহায় কেন্দ্রের পরিচালনায় গত ২৫- ২৬ শে ডিসেম্বর দুদিন ব্যাপী এলাকার যুবক যুবতীদের নিয়ে বিভিন্ন ধরনের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় গুলালগাছি ফুটবল মাঠে। ইভেন্টগুলি ছিল ভলিবল,ফুটবল, ব্যাডমিন্টন, দীর্ঘ লম্ফ, স্লো সাইকেল ও ২০০ মিটার দৌড় প্রতিযোগিতা। ফুটবল ও ভলিবল প্রতিযোগিতার ক্ষেত্রে প্রথম স্থানাধিকারী এবং অন্যান্য খেলায় প্রতি বিভাগের মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীদের শংসাপত্র সহ পুরস্কৃত করা হয়। উল্লেখ্য বিজয়ী দুটি দল এবং ব্যক্তিগত ভাবে পুরস্কৃত প্রাপকরা পরবর্তীতে জেলা পর্যায়ের খেলায় অংশগ্রহণ করবে বলে আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়। খেলার মাঠে যুবক যুবতীদের উৎসাহ ছিল চোখে পড়ার মতো। দুই দিনের খেলায় প্রায় দেড় শতাধিক যুবক যুবতীরা অংশগ্রহণ করে।
উপস্থিত ছিলেন স্থানীয় গ্রাম পঞ্চায়েত সদস্য জগজীবন মন্ডল, স্বনির্ভর গোষ্ঠীর নেত্রী সুমনা মন্ডল, সমাজসেবী রঞ্জিৎ মন্ডল সহ বহু বিশিষ্ট ব্যাক্তিবর্গ।

# বকেয়া বিল না মেটানোর ফলে বিচ্ছিন্ন করা হল জেলা ক্রীড়া সংস্থার বিদ্যুৎ সংযোগ




**অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট**

**আপনজন ডেস্ক:** বকেয়া বিল না মেটানোর ফলে বিচ্ছিন্ন করা হলো জেলা ক্রীড়া সংস্থার বিদ্যুৎ সংযোগ। বিদ্যুৎ দপ্তরে তরফে বৃহস্পতিবার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। আর এদিকে বিদ্যুৎ সংযোগ না থাকার ফলে একাধিক সমস্যা তৈরি হয়েছে। পাশাপাশি খেলার মাঠ পরিচর্যার ক্ষেত্রেও সমস্যায় পড়তে হবে বলে জেলা ক্রীড়া সংস্থার তরফে জানানো হয়েছে। উল্লেখ্য, দক্ষিণ দিনাজপুর জেলার সদর শহর বালুরঘাটে রয়েছে দক্ষিণ দিনাজপুর জেলা ক্রীড়া সংস্থার কার্যালয়। সেই কার্যালয়ের ভেতরেই রয়েছে খেলাধুলা করবার জন্য স্টেডিয়াম। স্টেডিয়ামের পাশাপাশি রয়েছে খেলোয়াড়দের থাকার ব্যবস্থা। অভিযোগ জেলা ক্রীড়া সংস্থার তরফে বকেয়া বিদ্যুতের বিল না মিটানোর ফলে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দিয়েছে বিদ্যুৎ দফতর। জানা গিয়েছে, সব মিলিয়ে প্রায় ৪০ হাজার ৫০০ টাকার বিল বকেয়া রয়েছে। যার ফলে দিন কয়েক আগেও বিদ্যুৎ দপ্তর থেকে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেবার বিষয়ে জানানো হয় কর্তৃপক্ষকে। তবে পরবর্তী সময়ে বিদ্যুৎ এর বকেয়া বিল না মেটানোর ফলে এদিন বিদ্যুৎ দপ্তরের তরফে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেয়া হয়েছে। যার ফলে বেশ সমস্যায় পড়েছে কর্তৃপক্ষ। এবিষয়ে জেলা ক্রীড়া সংস্থার ক্রিকেট সচিব অরিন্দম চন্দ জানান, 'গত ১৪ সেপ্টেম্বর আমাদের জেনারেল মিটিং হয়েছিল। যার পরবর্তীতে আমাদের নতুন কমিটি গঠিত হয়েছে। তারপর থেকে ব্যাংক অপারেটিং এর কাজ এখনো শুরু হয়নি। যার ফলে দীর্ঘদিন ধরে বিল বকেয়া পড়ে রয়েছে। বিদ্যুৎ দপ্তরের তরফ থেকে আমাদের এ বিষয়ে জানানো হয়েছিল। আমরা কয়েকদিন সময় চেয়েছিলাম। এরপরে এদিন বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেয়া হয়েছে। খেলার মরশুমে বিদ্যুৎ সংযোগ না থাকার ফলে বিভিন্ন কাজে বিরাট ব্যাঘাত ঘটবে। মাঠে জল দেওয়া, পিচ পরিচর্যা করা, খেলোয়াড়দের টয়লেট ব্যবহারের ক্ষেত্রে ব্যাঘাত ঘটছে।পাশাপাশি জেলার অন্য ব্লক থেকে একটি দল এখানে এসেছে। এর ফলে বিদ্যুৎ না থাকার ফলে তাদের সমস্যায় পড়তে হবে।'




মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: **জাইদুল হক।**
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**